প্রাথমিক চিকিৎসা জীবন বাঁচায়, ব্যথা উপশম করে এবং আহত ব্যক্তিকে দ্রুত আরোগ্য লাভে সহায়তা করে। এজন্য কার্যকালীন আহত বা অসুস্থ হওয়া শ্রমিকগণের প্রাথমিক চিকিৎসা নিশ্চিত করতে নির্মাণ এলাকায় উপযুক্ত ব্যক্তি এবং পর্যাপ্ত ও যথাযথ যন্ত্রপাতি এবং সুযোগ-সুবিধার ব্যবস্থা করতে হবে।

উল্লেখ্য যে, সকল সময় এমনকি ছুটির দিনে বা রাতে যদি কাজ হয়, তখনও প্রাথমিক চিকিৎসা দেয়ার মত প্রশিক্ষিত ব্যক্তি থাকতে হবে। শ্রমিক সংখ্যা ৩০০ এর ওপর হলে প্রাথমিক চিকিৎসার জন্য আরো পর্যাপ্ত ব্যবস্থা থাকতে হবে।

বিএলএ ধারা ৮৯ এ উল্লেখ্য যে-

- ১) প্রত্যেক প্রতিষ্ঠানে সকল কার্যকালে যাহাতে সহজে পাওয়া যায় এমনভাবে প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম সমৃদ্ধ বাস্ক অথবা বিধি দ্বারা নির্ধারিত সরঞ্জামসমৃদ্ধ আলমারির ব্যবস্থা এবং রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ২) উক্তরূপ বাস্ক বা আলমারির সংখ্যা, প্রতিষ্ঠানে সাধারণতঃ নিয়োজিত প্রত্যেক একশত পঞ্চাশ জন শ্রমিকের জন্য একটির কম হবে না।
- ৩) প্রত্যেক প্রাথমিক চিকিৎসা বাস্ক অথবা আলমারি এমন একজন দায়িত্বপূর্ণ ব্যক্তির জিম্মায় থাকবে যিনি প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণপ্রাপ্ত এবং যাকে প্রতিষ্ঠানের সকল কার্যকালীন সময়ে পাওয়া যাবে।
- ৪) প্রত্যেক কর্ম-কক্ষে উক্ত ব্যক্তির নাম সম্বলিত একটি নোটিশ বুলারে হবে এবং উক্ত ব্যক্তিকে যাতে সহজে সনাক্ত করা যায় এমন ব্যাজ পরিধান করাতে হবে।

- (৫) যে সকল প্রতিষ্ঠানে সাধারণতঃ তিনশ বা ততোধিক শ্রমিক নিয়োজিত থাকে সে সকল প্রতিষ্ঠানে নির্দেশনা অনুযায়ী নির্ধারিত মাপের ও যন্ত্রপাতি সজ্জিত অথবা অন্যান্য সুবিধা সম্বলিত ডিসপেনসারীসহ একটি রোগী চিকিৎসা কক্ষ থাকবে, এবং উক্ত কক্ষটি নির্দেশনা অনুযায়ী নির্ধারিত চিকিৎসক ও নার্সিং কর্মচারীর দায়িত্বে থাকবে।

বিএনবিসি অনুচ্ছেদ ১.২.৪ এ উল্লেখ্য যে-

“কাজের পরিধি ও বৈশিষ্ট্য অনুযায়ী আহত শ্রমিকদের সরাসরি প্রাথমিক চিকিৎসা প্রদানের জন্য প্রতি ১০০ জন শ্রমিকের জন্য ১ জন প্রশিক্ষিত প্রাথমিক চিকিৎসা প্রদানকারী থাকতে হবে। প্রতি ৫ বছরে প্রাথমিক চিকিৎসা প্রদানকারীকে নবায়নী প্রশিক্ষণ গ্রহণ সাপেক্ষে প্রত্যয়নপত্র নবায়ন করতে হবে। সম্ভব হলে প্রাথমিক চিকিৎসা প্রদানকারীর জন্য স্পষ্টভাবে প্রদর্শিত জরুরি টেলিফোন নম্বরসহ একটি টেলিফোনের ব্যবস্থা করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১০.৪ এ উল্লেখ্য যে-

“প্রতি ১৫০ জন শ্রমিকের জন্য একটি প্রাথমিক চিকিৎসার বাস্ক বা আলমারি এর ব্যবস্থা রাখতে হবে যাতে সকলে সেবা নিতে পারে। প্রতি ৩০০ জন শ্রমিকের ক্ষেত্রে প্রয়োজনীয় সকল উপকরণসহ একটি স্ট্রেচার ও নগদ টাকাসহ সরঞ্জামাদির ব্যবস্থা থাকতে হবে। যেসব নির্মাণ এলাকায় কোন এক সময়ে ৬০০ জনেরও অধিক শ্রমিক নিয়োগ করা হয় অথবা কোন এক সময়ে ৩০০ জনের অধিক শ্রমিক নিয়োজিত থাকে এবং নিকটবর্তী স্বাস্থ্য সেবা কেন্দ্রের দূরত্ব ১৫ কি.মি. হয় সেসব নির্মাণ এলাকায় এ্যাম্বুলেন্স এর ব্যবস্থা থাকতে হবে।”

#### নির্মাণ ক্ষেত্রের নিরাপত্তা সম্পর্কিত আইএলও কনভেনশন এর অনুচ্ছেদ ৩১

প্রশিক্ষিত ব্যক্তি দ্বারা প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা সার্বক্ষণিক নিশ্চিত করার জন্য নিয়োগকারী দায়ী থাকবে। যারা দুর্ঘটনার কবলে কিংবা হঠাৎ অসুস্থ হয়ে পড়বে তাদের স্বাস্থ্য পরিসেবার জন্য স্থানান্তরের ব্যবস্থা থাকতে হবে।

#### বিশ্রাম কক্ষ

যে নির্মাণ সাইটে ৫০ জনের অধিক শ্রমিক নিযুক্ত আছে আইন অনুসারে সেখানে বিশ্রামের সুবিধা রাখতে হবে এবং যেখানে তারা খেতেও পারবে। নারী শ্রমিকের জন্য বিশ্রামের পৃথক জায়গা থাকবে।

বিএলএ ধারা ৯৩ এ উল্লেখ্য যে

- (১) সাধারণতঃ পঞ্চাশ জনের অধিক শ্রমিক নিযুক্ত থাকে এরূপ প্রত্যেক প্রতিষ্ঠানে শ্রমিকগণের ব্যবহারের জন্য যথেষ্ট এবং উপযুক্ত সংখ্যক বিশ্রাম কক্ষের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ করতে হবে, এবং উক্ত প্রতিষ্ঠানে শ্রমিকগণ যাতে তাদের সঙ্গে আনীত খাবার খেতে পারে সেজন্য পান যোগ্য পানির ব্যবস্থাসহ একটি উপযুক্ত খাবার কক্ষেরও ব্যবস্থা এবং রক্ষণাবেক্ষণ করতে হবে।
- (২) উপ-ধারা (১) এ উল্লিখিত বিশ্রাম কক্ষ এবং খাবার কক্ষ যথেষ্টভাবে আলোকিত এবং বায়ু সম্বলিত হতে হবে এবং পরিষ্কার ও সহনীয় তাপমাত্রায় রক্ষণাবেক্ষণ করতে হবে।
- (৩) যে সকল প্রতিষ্ঠানে ২৫জনের অধিক মহিলা শ্রমিক নিযুক্ত থাকবে সেখানে পুরুষ ও মহিলাদের জন্য পৃথক বিশ্রাম কক্ষের ব্যবস্থা এবং যে সকল প্রতিষ্ঠানে ২৫জনের কম মহিলা শ্রমিক নিযুক্ত থাকবে সেখানে বিশ্রাম কক্ষে মহিলাদের জন্য পৃথক পর্দা ঘেরা জায়গার ব্যবস্থা থাকবে।



## নির্মাণ ক্ষেত্রের নিরাপত্তা সম্পর্কিত আইএলও কনভেনশন এর অনুচ্ছেদ ৩২

- ক) প্রতিটি নির্মাণ এলাকায় যেখানে সহজে গমন করা যায়, সেরকম স্থানে শ্রমিকদের সংখ্যা ও কাজ চলার সময়ের উপর নির্ভর করে নিম্নোক্ত সুবিধাদি থাকতে হবে
- খ) আবাসস্থল এমন ব্যবস্থা থাকবে যাতে অবস্থানকারীদের দেখা না যায় এবং বাইরের আবহাওয়া হতে সুরক্ষিত থাকে।
- গ) আবাসস্থল সমূহ থাকার ঘর অথবা বিশ্রাম কক্ষ হতে আলাদা থাকবে।
- ঘ) পোশাক পরিবর্তন, রক্ষন এবং শুকাবার জন্য সুবিধাদি থাকতে হবে।
- ঙ) বৈরী আবহাওয়াকালীন সময়ে, যখন কাজ বন্ধ তখন খাবার এবং আশ্রয় গ্রহণের জন্য উপযুক্ত স্থান থাকতে হবে।

### অ্যাজবেসটস নিয়ে কাজ

অ্যাজবেসটস কণা নিঃশ্বাসের ফলে দেহের ভিতর প্রবেশ করলে ফুসফুসের অপূরণীয় ক্ষতি হবার এবং ক্যানসারের মাধ্যমে মৃত্যুর সম্ভাবনা আছে। অ্যাজবেসটস নিয়ে কাজ করার সময় বিশেষ কল্যাণমূলক ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন পড়ে।

অনুচ্ছেদ ২.২.১৯.৪ এ উল্লেখ্য যে,

“অ্যাজবেসটস নিয়ে ও অ্যাজবেসটস এলাকায় কাজ করে এমন লোকদের ব্যবহারের জন্য কাপড়চোপড় পরিবর্তন কক্ষ ও গোসলের সুবিধা প্রদান করতে হবে। যাদের শ্বাস-প্রশ্বাস যন্ত্র ও সমস্ত শরীরাবৃত্ত পোশাক পড়তে হয় তাদের প্রত্যেকের জন্য পোশাক-পরিচ্ছদ রাখার তালীয়ুক্ত প্রোকঠের ব্যবস্থা করতে হবে।

কাজের পোশাকের জন্য প্রোকঠ অন্য পোশাক থেকে আলাদা হতে হবে। দূষিত বা সংক্রামিত কাপড় খোলার সাথে সাথে ধূলা-প্রতিরোধক পাত্রে রেখে দিতে হবে। সংক্রামিত জামা-কাপড় বা অন্যান্য ব্যবহার্য উপকরণ ঝাড়া দেয়া বা ব্রাশ করা যাবে না। এগুলো হয় ভ্যাকুয়াম ক্লিনার দিয়ে এগুলির উপরিভাগ খুব ভালভাবে পরিষ্কার করতে হবে নচেৎ পানির হোজ দিয়ে পরিষ্কার করতে হবে।

যেখানে অ্যাজবেসটস নিয়ে কাজ হয় সেখানে খাদদ্রব্য ও পানীয় নাড়াচাড়া করা, মজুত করা বা গ্রহণ করা যাবে না। ধূমপান সম্পূর্ণভাবে নিষিদ্ধ থাকবে।

কর্মচারীরা তাদের নিজস্ব জামা-কাপড় পরার আগে গোসল সেরে নিবে; কাজের পোশাক বাসায় নিতে পারবে না। কাজ শেষে খাওয়ার আগে শরীরের যেসব উন্মুক্ত অংশ অ্যাজবেসটস ধূলা সংস্পর্শে আসতে পারে তা সম্পূর্ণভাবে ধুয়ে ফেলতে হবে।

কাজ আরম্ভের পূর্বে অ্যাজবেসটস শ্রমিকদের বক্ষের পূর্ণাঙ্গ এক্সরে করিয়ে নিতে হবে এবং এটা প্রতিবছর করতে হবে। ঠিকাদারকে এসব এক্সরে রিপোর্ট প্রয়োজনে তাৎক্ষনিকভাবে উপস্থাপনের জন্য যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।”

### অ্যাজবেসটস

অ্যাজবেসটস সম্বন্ধে অন্যান্য বিধি বিধানের জন্য পৃষ্ঠা ৬৮ ও ১০১ দেখুন।

## অধ্যায় - ৫

### কর্ম-পরিবেশ

শ্রমিকদের পড়ে যাওয়া বা অগ্নিকান্ডের ঝুঁকি থেকে রক্ষা পাওয়ার জন্য নির্মাণ এলাকা যথাযথভাবে গুছানো ও পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। কর্মক্ষেত্র পরিদর্শন অনেক ঝুঁকি চিহ্নিত করণে সহায়ক।

এজন্য নিম্নের কিছু মৌলিক নিয়মনীতি মেনে চলার মাধ্যমে যথাযথ “হাউজকিপিং” কার্যক্রম নিশ্চিত করা যায়।

- হাঁটাচলার পথ ও সিঁড়িপথে নির্মাণ সামগ্রী এবং যন্ত্রপাতি মজুদ রাখা যাবে না। জরুরী বহির্গমন পথের ক্ষেত্রে এ নিয়ম আরো বেশি প্রযোজ্য।
- চলাচলে বা জরুরী বহির্গমনে হোচট খাওয়ার মত অবস্থা তৈরী করে এমন জায়গায় নির্মাণ সামগ্রী, টানা তার, আবর্জনা রাখা যাবেনা।
- অগ্নিকান্ডের ঝুঁকি হ্রাসে দাহ্য আবর্জনা নিয়মিতভাবে পরিষ্কার রাখতে হবে।
- মেঝে পরিষ্কার ও শুকনো রাখতে হবে।
- বাইরের দিকে হাঁটার পথ সমান ও মজবুত রাখতে হবে এবং কোন নির্মাণ সামগ্রী স্ক্রপ করা যাবে না।
- মজুদ করণ এলাকা হতে নিয়মিত আবর্জনা, উচ্ছিষ্ট অপসারণের মাধ্যমে সাজানো-গোছানো রাখতে হবে।
- নির্মাণ এলাকায় নির্মাণ সামগ্রী সরবরাহ পরিকল্পিত হতে হবে যাতে সেখানে ন্যূনতম সামগ্রী থাকে।

#### বাধামুক্ত পথ

বিএনবিসি অনুচ্ছেদ ২.১.৩ এ উল্লেখ্য যে,

“সিঁড়িপথ, হাঁটা পথ, মাঁচা, পার্শ্বদ্বার এবং অন্যান্য প্রবেশ পথসমূহ নির্মাণ সামগ্রী, যন্ত্রপাতি, জমাকৃত আবর্জনা এবং অন্যান্য বাঁধা-বিপত্তি থেকে মুক্ত রাখতে হবে।”

#### নির্মাণ সামগ্রী মজুতকরণ:

বিএনবিসি অনুচ্ছেদ ২.১.১ এ উল্লেখ্য যে,

“নির্মাণ সামগ্রী এমনভাবে মজুত এবং সংরক্ষণ করতে হবে যেন এগুলো সাধারণ জনগণ, শ্রমিক অথবা পার্শ্ববর্তী সম্পত্তির জন্য বিপদের কারণ না হয়। ওইসব সামগ্রী অবশ্যই ভালো জল নিষ্কাশন সুবিধাসম্পন্ন, সমতল ও অনমনীয় ভূমিতে রাখতে হবে। সামগ্রীগুলো এমনভাবে রাখতে হবে যাতে দেয়াল এবং অন্য অবকাঠামোতে অতিরিক্ত চাপ না ফেলে। সামগ্রীগুলোকে অবশ্যই তাদের ধরন, আকার এবং দৈর্ঘ্য অনুযায়ী আলাদা করতে হবে এবং গুছিয়ে স্তূপ করতে হবে। উঁচু স্তূপগুলোতে উচ্চতা অনুযায়ী সুবিধামত কিছু অন্তর অন্তর দূরে রাখতে হবে। ওইসব সামগ্রীর স্তূপ এমনভাবে সাজাতে হবে যাতে পরিদর্শন এবং সরানোর জন্য এদের মাঝখানে ৮০০ মি.মি. প্রশস্ত জায়গা থাকে। সকল পথ অবশ্যই শুকনো লতাপাতা, পিচ্ছিল পদার্থ এবং আবর্জনামুক্ত রাখতে হবে।”

#### দাহ্য পদার্থ

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১০.২.২ এ দাহ্য পদার্থ ও বিস্ফোরক দ্রব্য সম্পর্কে এ উল্লেখ্য যে,

“অতিমাত্রার দাহ্য সামগ্রী যেমন- গ্যাসোলিন, তেল, রং ইত্যাদি অনুমোদিত পাত্রে মজুত করতে হবে। যদি আলাদা প্রকোষ্ঠে বা অদাহ্য সামগ্রী দ্বারা তৈরী ঘরের মধ্যে রাখা না হয় তাহলে অধিক পরিমাণে মজুত রাখা অনুমোদনযোগ্য হবে না”



“বিষ্ফোরক দ্রব্য যেমন ডেটোনেটর, গানপাউডার ইত্যাদি বিষ্ফোরক দ্রব্য মজুত ও নাড়াচাড়া করার জন্য সংশ্লিষ্ট বিধিমালা যথাযথভাবে মেনে মজুত করতে হবে। যতক্ষণ পর্যন্ত নিকটতম উপরের সারির সকল দাহ্য ফর্ম ওয়ার্ক অপসারণ করা না হবে ততক্ষণ পর্যন্ত নির্মাণাধীন কোন মেঝেতে দাহ্য সামগ্রী মজুত করা যাবে না।”

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.১৬ এ রং মজুদ সম্পর্কে উল্লেখ্য যে,

“রং এর গুদামে বিষ্ফোরণ ঘটাতে পারে এমন কোন দ্রব্যাদি যেমন উমুক্ত আগুন ও অনাবৃত তাপীয় উপকরণ রাখা যাবে না এবং ধূমপান করা যাবে না।”

“বালুভর্তি বালতি সব সময় জরুরি ব্যবহারের জন্য প্রস্তুত রাখতে হবে। রং এর গুদামের কাছাকাছি সহজে পাওয়া যায় এরূপ স্থানে গ্রহণীয় মান নিশ্চিত করে ৫ কেজি শুষ্ক পাউডার সম্বলিত বহনযোগ্য অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবস্থা রাখতে হবে।”

### আবর্জনা অপসারণ

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১০.২.১ এ উল্লেখ্য যে,

“খাড়া ফাঁকা অবস্থান যেমন সিঁড়িপথ, লিফটের জন্য ফাঁকা জায়গা ইত্যাদির ভিতরে বা কাছাকাছি সকল ধরনের বর্জ্য যেমন টুকরা কাঠ, চৈছে ফেলা কাঠের অংশ, কাঠের গুড়ো, কাগজ, প্যাকেটের জন্য ব্যবহৃত দ্রব্যাদি ও তৈলাক্ত উপাদানসমূহ সংগ্রহ করতে হবে এবং প্রতিদিনের কাজ শেষে এগুলো নিরাপদে বিনষ্ট করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১০.২.৫ এ উল্লেখ্য যে,

“ময়লাগুআবর্জনা, নাটগুডবাল্ট ও ছোট যন্ত্রপাতি নির্মাণ এলাকায় এক জায়গায় জড়ো করা যাবে না এবং যত তাড়াতাড়ি সম্ভব এগুলো অবস্থানানুযায়ী নির্মাণ এলাকা থেকে সরিয়ে নিতে হবে। প্রতিদিন নির্মাণ এলাকা থেকে দাহ্য আবর্জনা অপসারণ করতে হবে। নির্মাণাধীন এলাকায় বা এর নিকটতম স্থানে ময়লাগু আবর্জনা পোড়ানো যাবে না। সম্পূর্ণ নির্মাণ এলাকা এবং এর পার্শ্ববর্তী ও চারপাশের এলাকা নিরাপদ ও স্বাস্থ্য সম্মত রাখতে হবে।”

### অ্যাজবেসটস সামগ্রী নিয়ে কাজ

অ্যাজবেসটস কনা নিঃশ্বাসের সাথে দেহে প্রবেশ করলে ফুসফুসের অপূরণীয় ক্ষতি হবার এবং ক্যানসারের মাধ্যমে মৃত্যু ঘটতে পারে বলে ইতিপূর্বে কল্যাণমূলক কর্মকাণ্ড অধ্যায়ে আলোচিত হয়েছে।

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.১৯.১ এ উল্লেখ্য যে,

“যেখানে অ্যাজবেসটস কাটাকুটি হয় সেখানে হাউজকিপিং ও পরিষ্কারগুপক্লিনতার সর্বোত্তম পদ্ধতি প্রয়োগ করতে হবে এবং এ কাটাকুটি এলাকা সম্পূর্ণ পৃথক রাখতে হবে ও অন্য কোন উদ্দেশ্যে এটা ব্যবহার করা যাবে না। কর্ম এলাকায় এদের বর্জ্য ও ধূলিকণা জমানো বা মজুত করা যাবে না।

মেঝে, দেয়াল ও স্থাবর দ্রব্যাদিতে যাতে ধূলা জমে না যায় তার জন্য একটি উচ্চ কার্যক্ষমতা সম্পন্ন ছাকুনি সম্বলিত ধূলাগুচবালি পক্লিারক যন্ত্র ব্যবহার করতে হবে। বিকল্প ব্যবস্থা হিসেবে, সমস্ত জিনিসের বাইরের অংশ ভেজা ন্যাকড়া বা কাপড় দিয়ে পরিষ্কার করতে হবে এবং মেঝে আলতো করে পানি ছিটিয়ে ধুয়ে ফেলতে হবে। কখনোই শুকনো অবস্থায় বাডু দেয়া বা বাতাস দিয়ে ঝেড়ে ফেলা পদ্ধতিতে পরিষ্কার করা যাবে না।”

### অ্যাজবেসটস

অ্যাজবেসটস সম্বন্ধে অন্যান্য বিধি বিধানের জন্য পৃষ্ঠা ৬৬ ও ১০১ দেখুন।

### নির্মাণ ক্ষেত্রের নিরাপত্তা সম্পর্কিত আইএলও কনভেনশন এর অনুচ্ছেদ ১৩

- (১) শ্রমিকদের নিরাপত্তা ও স্বাস্থ্য এবং কর্মস্থলের নিরাপত্তা নিশ্চিত করার জন্য যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (২) কর্মক্ষেত্রে প্রবেশ এবং কর্মক্ষেত্র ত্যাগ করার জন্য নিরাপদ মাধ্যম প্রদান এবং রক্ষণাবেক্ষণ এবং যেখানে প্রয়োজ্য সেখানে প্রয়োজনীয় নির্দেশনা থাকবে।
- (৩) একটি নির্মাণ এলাকায় অথবা এর আশে পাশে উপস্থিত ব্যক্তিদের নির্মাণ এলাকা থেকে উদ্ভূত হতে পারে এমন সকল ঝুঁকির হাত থেকে রক্ষার জন্য যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।



## অধ্যায় - ৬

# ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম

যখন ঝুঁকিপূর্ণ কোন বস্তু অথবা পদ্ধতি নিরাপদ কোন কিছু দিয়ে প্রতিস্থাপন করা না যায় অথবা যখন প্রকৌশল গত নিয়ন্ত্রণ দ্বারা যথাযথ মাত্রার নিরাপত্তা অর্জন সম্ভব না হয়, তখন একজন ব্যক্তির জন্য উপযুক্ত ব্যক্তিগত নিরাপত্তামূলক সামগ্রী এবং নিরাপত্তা পোষাক ব্যবহারই একমাত্র প্রতিকার। নিয়োগদানকারীকে শ্রমিক অথবা তাদের প্রতিনিধিদের সাথে উপযুক্ত ব্যক্তিগত নিরাপত্তা সামগ্রী এবং পোষাকের বিষয়ে পরামর্শ করা উচিত।

### রাসায়নিক বস্তু নিয়ে কাজ

নির্মাণ কাজে অনেক ধরনের রাসায়নিক বস্তু ব্যবহৃত হয়। প্রায়শই ব্যবহৃত হয় এমন কিছু উপাদান হলো জোড়ানোর আঠা, ইটের এবং পাথরের কাজ পরিষ্কারের জন্য উপাদান, কাঠ বা ধাতুর সজ্জা রক্ষামূলক কাজ, মেঝের পরিচর্যা, ছত্রাকনাশক, সিমেন্ট এবং গ্রাউটস, অন্তরক, দ্রাবক, রং এবং এছাড়া আরো অনেক কিছু। রং ষ্টিপারের তরল দ্রাবক, লেক্যারস, ভার্নিস, সারফেস কোটিং, খিনার এবং পরিষ্কারক পদার্থে সাধারণত: তরল দ্রাবকের ব্যবহার হয়। কঠিন, তরল অথবা বায়ুবাহিত কণা, বাষ্প, ধোয়া অথবা গ্যাস কি-না তার উপর ভিত্তি করে রাসায়নিক পদার্থ বিভিন্ন ক্ষতি করতে পারে।

আইএলও এর প্রশিক্ষণ সামগ্রী নির্দেশ করে যে রাসায়নিক পদার্থ থেকে স্বাস্থ্যহানি প্রতিরোধ করা সম্ভব যদি কেউ

- প্রথমতঃ রাসায়নিক পদার্থের পরিবর্তে অক্ষতিকর অথবা কম ঝুঁকিপূর্ণ পদার্থ ব্যবহার করে।
- যদি এটা সম্ভব না হয়, তবে রাসায়নিক পদার্থ ব্যবহারের পদ্ধতিটি সংরক্ষিত হতে হবে অথবা অন্য কোন প্রকৌশল গত নিয়ন্ত্রণ যেমনঃ সম্পূর্ণ নির্গমন করানোর ব্যবস্থা থাকতে হবে, এটি নির্মাণ পদ্ধতিতে সংযুক্ত করা অনেক সময়ই কঠিন হয়ে দাঁড়ায়। এবং
- শুধুমাত্র যদি এই দুটি উপায়ের কোনটিই সম্ভব অথবা কার্যকর না হয়, তখন ব্যক্তিগত নিরাপত্তামূলক সরঞ্জাম ব্যবহার করতে হবে।

শারিরিক স্পর্শ, আশোষণ অথবা ক্ষতিকর ধোয়া নিঃশ্বাসের সাথে গ্রহণ যখন শরীরের কোন অংশে ক্ষতি অথবা অক্ষমতার কারণ হয়ে দাঁড়ায় তখন ব্যক্তিগত নিরাপত্তা সামগ্রী অবশ্যই ব্যবহার করতে হবে।

### শিরস্ত্রাণ বা হেলমেট পরিধান

পড়ন্ত বস্তু, মাথার উপরে ভারী বস্তু, তীক্ষ্ণ কোন বর্ধিতাংশ নির্মাণ এলাকার সব জায়গাতেই থাকে। নিরাপত্তামূলক শিরস্ত্রাণ বা হেলমেট এইসব বেশিরভাগ ঝুঁকির হাত থেকে কার্যকর ভাবে রক্ষা করে।

নিম্নোক্ত অবস্থায় এসব ঘটতে পারে:

- খননকৃত স্থানে সজোরে আলগা সামগ্রী গুতা লেগে পড়ে গেলে;
- ম্যাঁচা থেকে সামগ্রী পড়লে;
- ক্রেন ও হয়েস্ট এর মাধ্যমে উত্তোলনের সময় নির্মাণ সামগ্রী পড়লে;
- ম্যাঁচা তৈরি বা ভাঙ্গার সময় ওপর থেকে বাঁশ বা খুঁটি পড়লে।

শ্রমিক যদি কোন যন্ত্রপাতি বা নির্মাণ এলাকার কোন অংশে ধাক্কা খায় তাহলে হেলমেট আহত হওয়া থেকে রক্ষা করে।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১.২ এ উল্লেখ্য যে,

“শ্রমিক ও অন্যান্য কর্মীবৃন্দকে কাজ করার সময় সর্বদা বিডিএস (BDS) ১২৬৫ এবং বিডিএস(BDS)- ১২৬৬ মানের হেলমেট পড়ে থাকতে হবে।”

বিভিন্ন ধরনের হেলমেট রয়েছে। বিভিন্ন আকৃতির মধ্যে শ্রমিককে তার মাথার সাথে খাপ খায় এমনটা প্রদান করতে হবে।

#### হাত এবং ত্বকের সুরক্ষা

দুর্ঘটনায় হাত সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হতে পারে এবং নির্মাণক্ষেত্রে অধিকাংশ দুর্ঘটনায় দেহের অন্যান্য অংশের চেয়ে হাত এবং কজি বেশি ক্ষতিগ্রস্ত হয়। উন্মুক্ত ক্ষত, ছিলে যাওয়া, অস্থিভঙ্গ, অস্থির স্থানচ্যুতি, টান, অঙ্গ হানি, পোড়ার ঘটনা ঘটে। সাধারণত: নিম্নের ঝুঁকিপূর্ণ কাজসমূহে হাতের জন্য সুরক্ষা ব্যবস্থা নিতে হবে।

- ৩৮ অমসৃণ ধারালো, তীক্ষ্ণ তলা সম্বলিত কাজ সমূহ;
- ৩৮ উষ্ণ, ক্ষয়কারী অথবা বিষাক্ত পদার্থ যথা বিটুমিন এবং বার্নিশ উপাদান এর সাথে সংশ্লিষ্ট অথবা এগুলোর ছিটা;
- ৩৮ অতি কম্পমান মেশিন দ্বারা কাজ যেমন বিভিন্ন ড্রিল যাহাতে কম্পন দমন ব্যবস্থা থাকা উচিত;
- ৩৮ সঁাতসঁাতে স্থানে বৈদ্যুতিক কাজ।

উপযোগী গণ্ডাভস ব্যবহার করলে ভিজা কনক্রিট এবং দ্রাবকের মাধ্যমে যে চর্মরোগ হয় তা থেকে রক্ষা পাওয়া যেতে পারে। ইট, স্টিল ও কাঠ নাড়াচাড়ার সময় হাত কাঁটা বা আঘাত পাওয়া থেকে রক্ষা করে গণ্ডাভস। নির্মাণ এলাকায় বিভিন্ন আকৃতির গণ্ডাভসের যোগান নিশ্চিত করতে হবে।

আইনেও বিশেষ করে ফর্মওয়ার্ক, পাইল ড্রাইভিং, ওয়েল্ডিং, গ্যাস কাটিং এবং পলিশিংয়ের সময় গণ্ডাভস ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৭.২ এ উল্লেখ্য যে,

“ফর্মওয়ার্ক সরানোর কাজে নিযুক্ত শ্রমিকরা অবশ্যই হেলমেট, দস্তানা, মজবুত সোলের নিরাপত্তা জুতা পরিধান করবে এবং ২ মিটারের উপরে যদি পা রাখার পর্যাপ্ত জায়গা না থাকে তাহলে কোমড় বন্ধনী পড়বে। টান টান কোন বাঁধন কাটার সময় খেয়াল রাখতে হবে যাতে সেটা পিছনে ধাক্কা না দেয়।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৩.২ এ উল্লেখ্য যে,

“শক্তিগ্ণচালিত বৈদ্যুতিক যন্ত্রপাতি পরিচালনার ক্ষেত্রে বিদ্যুৎ অপরিবাহী তলাচি/ম্যাট এবং পরিধেয় পোশাক যেমন গণ্ডাভস ব্যবহার করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১.২ এ উল্লেখ্য যে,

“ওয়েল্ডার ও গ্যাসকাটারকে উপযুক্ত নিরাপত্তামূলক সরঞ্জামাদি যেমন গণ্ডাভস, নিরাপত্তা বুট, এ্যাপ্রন ও গ্রহণীয় মানের এবং আলাদাভাবে প্রত্যেক শ্রমিকের চোখের জন্য উপযুক্ত ফিল্টার গণ্ডাস সম্বলিত হ্যান্ড শিল্ড দ্বারা সুসজ্জিত হতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৯.৬ এ উল্লেখ্য যে,

“ওয়েল্ডারদেরকে কজি পর্যন্ত ঢাকা চামড়ার দস্তান সম্বলিত দস্তানা ব্যবহার করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১১.৫.২ এবং ৩.১১.৫.৪ যথাক্রমে এ উল্লেখ্য যে,

“যেসব শ্রমিকগণ পলিশ প্রয়োগ করছে তাদেরকে নিরাপত্তামূলক পোশাক পরিচ্ছদ, গণ্ডাভস, শ্বাসগ্ণ প্রশ্বাস যন্ত্র ইত্যাদি প্রদান করতে হবে।”



“টেরাসিং এর কাজের সময়, বিশেষ করে যখন চুন বা অন্যান্য উপাদান ব্যবহার করা হয় তখন নিরাপত্তামূলক পোশাক, গণ্ডাভস ও জুতা ব্যবহার করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.১২ এ শীট ও বোর্ড যেমনচ আজবেসটস শীট, সিজিআই শীট, চেউ টিন, পার্টিকেল বোর্ড, জিপসাম বোর্ড ইত্যাদি গুদামজাত ও নাড়াচাড়া করার ক্ষেত্রে “শ্রমিকদের হাতের নিরাপত্তার জন্য উপযুক্ত সরঞ্জাম যেমনচপ্গাভস, জেলী ইত্যাদি দিতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.১৪ এ উল্লেখ্য যে,

যে সকল শ্রমিক গণ্ডাস শীট, টুকরা ও বাতিল গণ্ডাসের টুকরা এবং ফাইবার গণ্ডাস নাড়াচাড়ার কাজ করে তাদেরকে

“অবশ্যই হাতের গণ্ডাভস, জেলি এবং হাতের সুরক্ষার জন্য অন্যান্য প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জামাদি প্রদান করতে হবে।”

### পাদুকা/বুট

সকল ধরনের কাজ করতে যথাযথভাবে হাঁটাচলাফেরার জন্য শ্রমিকদের যথাযথ পাদুকা প্রয়োজন। কোন সামগ্রী পা বা নখের ওপর পড়ে আহত হওয়া থেকে, অথবা অন্য কোন ধারালো বস্তু পায়ে ঢুকে যাওয়া প্রতিরোধেও পাদুকা প্রয়োজনীয়। ভিজা সিমেন্ট বা কনক্রিট (পানি, সিমেন্ট, বালু ও ইটের খোয়ার মিশ্রণ) দ্বারা ক্ষত সৃষ্টি প্রতিরোধে বুট ব্যবহার করা দরকার কেননা, সিমেন্টের উপাদান পানির সাথে মিশ্রিত হলে তা খুবই ক্ষয়কারক এবং চামড়ার ওপর মারাত্মক জ্বালার সৃষ্টি করতে পারে।

এ জন্য সকল শ্রমিককে যথাযথ পাদুকা প্রদান করতে হবে। কিন্তু আইনে শুধু ওয়েল্ডার ও গ্যাস কাটারদের নিরাপত্তা জুতার বাধ্যবাধকতার কথা বলা হয়েছে।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১.২ এ উল্লেখ্য যে,

“ওয়েল্ডার ও গ্যাসকাটারকে ...নিরাপত্তা জুতা পরতে হবে।”

এবং বিএনবিসি অনুচ্ছেদ ৩.১১.৫.৪ এ উল্লেখ্য যে,

“টেরাসিং এর কাজের সময়, বিশেষ করে যখন চুন বা অন্যান্য উপাদান ব্যবহার করা হয় তখন নিরাপত্তামূলক ...জুতা পরিধান করতে হবে।”

### নিরাপত্তামূলক চশমা এবং চোখের অন্যান্য সুরক্ষা

চোখের ক্ষতি করতে পারে এমন কোন কাজের জন্য নিরাপত্তামূলক চশমা প্রয়োজনীয়।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১.২ এ উল্লেখ্য যে,

“ড্রিলিং, কাটিং, ওয়েল্ডিং ও চোখের জন্য ক্ষতিকর এ জাতীয় সকল কাজে নিয়োজিত প্রত্যেক ব্যক্তিকে গ্রহণীয় মানের নিরাপত্তা চশমা (বিডিএস ১৩৬০) ব্যবহার করতে হবে। ওয়েল্ডার ও গ্যাসকাটারকে উপযুক্ত নিরাপত্তামূলক সরঞ্জামাদি যেমন ... গ্রহণীয় মানের এবং ওই বিশেষ শ্রমিকের চোখের জন্য উপযুক্ত ফিল্টার গণ্ডাস সম্বলিত হ্যান্ড শিল্ড পরিধান করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৯.৬ এ উল্লেখ্য যে,

“সকল প্রকার আর্ক ওয়েল্ডিং কাজের জন্য বিডিএস ১৩৬০ মান সম্পন্ন হেলমেট বা হাত দিয়ে ধরা যায় এরূপ ফেইস শিল্ড ব্যবহার করতে হবে।

যখন ক্লিপের সাহায্যে ঝালাই থেকে বর্জ্যধাতু সরিয়ে নেয়া হয় তখন চোখের সুরক্ষার জন্য বিডিএস ১৩৬০ মান সম্পন্ন চশমা ব্যবহার করতে হবে।”

## আচ্ছাদন পোষাক

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১.২ এ উল্লেখ্য যে,

“ওয়েল্ডার ও গ্যাসকাটারকে উপযুক্ত নিরাপত্তামূলক সরঞ্জামাদি যেমন...আচ্ছাদন পোষাক পরিধান করতে হবে।”

## শ্বাস-প্রশ্বাস যন্ত্র

ধুলা-বালি, জলীয় বাষ্প, ধোয়া ও বাষ্প সৃষ্টি হয় এমন কাজের সাথে জড়িত সকল শ্রমিকের জন্য এসব প্রতিরোধক শ্বাস-প্রশ্বাস যন্ত্র প্রদান করতে হবে। যাইহোক, প্রতিরোধক শ্বাস-প্রশ্বাস যন্ত্র সকল প্রতিরোধমূলক ব্যবস্থার শেষ পর্যায়ের প্রতিরোধ ব্যবস্থা হিসাবে সাধারণত ব্যবহার করা হয়। কিন্তু ধুলা-বালি, জলীয় বাষ্প, ধোয়া ও বাষ্প প্রথমে যেখান থেকে সৃষ্টি হয় সেসব উৎসে এসব নিয়ন্ত্রণ করতে হবে। কারণ:

- প্রতিরোধক শ্বাস-প্রশ্বাস যন্ত্র শুধু ব্যবহারকারীকে রক্ষা করে কিন্তু উৎসে এসব নিয়ন্ত্রণ ওই এলাকাকে রক্ষা করে।
- এ যন্ত্র ভুলভাবে ব্যবহৃত হতে পারে অথবা ঠিকভাবে রক্ষণাবেক্ষণ নাও হতে পারে। এক্ষেত্রে ব্যবহারকারী পর্যাপ্ত সুরক্ষা পেতে নাও পারে।
- এ যন্ত্র ব্যবহার করা অসুবিধাজনক এবং সাধারণ কর্মের জন্য ব্যাঘাত সৃষ্টিকারী।
- এ যন্ত্র নিয়োজিতকাজে বাধা সৃষ্টি করতে পারে।

যদি অন্য কোন নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যাপ্ত না হয় তাহলে প্রতিরোধক শ্বাস-প্রশ্বাস যন্ত্র ব্যবহার করতে হবে।

অনেক ধরনের প্রতিরোধক শ্বাস-প্রশ্বাস যন্ত্র আছে। কোনটা ধুলা প্রতিরোধ করে, কোনটা বাষ্প প্রতিরোধ করে। তাই যেখানে যেটা প্রয়োজ্য সে ধরনের প্রতিরোধক যন্ত্র প্রদান করতে হবে। এটা শ্রমিকের জন্য যথাযথাকারে খাপ খেতে হবে এবং যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে ও এর সঠিক ফিল্টার থাকতে হবে।

বিএনবিসিতে শুধু পোলিশিং কাজ এবং অ্যাজবেসটস নিয়ে কাজ করার সময় প্রতিরোধক শ্বাস-প্রশ্বাস যন্ত্র ব্যবহার করার বাধ্যবাধকতার কথা বলা হয়েছে। শ্বাস-প্রশ্বাসে ঝুঁকি রয়েছে এমন সাইটে প্রতিরোধক যন্ত্র পর্যাপ্তভাবে থাকতে হবে।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১০.১ এ উল্লেখ্য যে,

“যেসব নির্মাণ সাইটে নিঃশ্বাসে ঝুঁকি রয়েছে সেসব সাইটে পর্যাপ্ত সংখ্যক শোষণমূলক শ্বাস-প্রশ্বাস যন্ত্র প্রদান করতে হবে। বিপজ্জনক অবস্থায় সীমিত সময়ের কাজের জন্য পূর্ণ শ্বাস-প্রশ্বাস যন্ত্র ব্যবহার করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১১.৫.২ এ উল্লেখ্য যে,

“যেসব শ্রমিক পলিশ প্রয়োগ করছে তাদেরকে নিরাপত্তামূলক পোশাক পরিচ্ছদ, দস্তানা, শ্বাস-প্রশ্বাস যন্ত্র ইত্যাদি প্রদান করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.১৯.৩ এ উল্লেখ্য যে,

যেখানে কাজের মাধ্যমে অ্যাজবেসটস ধুলা সৃষ্টি হয় সেখানে যথাযথ প্রতিরোধক শ্বাস-প্রশ্বাস যন্ত্র ব্যবহার করতে হবে। প্রতিরোধক শ্বাস-প্রশ্বাস যন্ত্র ভালভাবে রক্ষণাবেক্ষণ এবং নিয়মিতভাবে পরিষ্কার ও পরিচর্যা করতে হবে। যাদের জন্য নিরাপত্তা উপকরণ ব্যবহার প্রয়োজন তাদেরকে এর ব্যবহার সম্পর্কে পূর্ণ নির্দেশনা এবং প্রশিক্ষণ প্রদান করতে হবে।



## অ্যাজবেসটস প্রতিরোধক বিশেষ পোষাক

অ্যাজবেসটস খুবই ক্ষতিকারক ধূলা এবং নির্মাণ এলাকায় অ্যাজবেসটস ব্যবহার করা হলে অবশ্যই অ্যাজবেসটস প্রতিরোধক বিশেষ পোষাক গ্রহণ করতে হবে, যা ইতোমধ্যে কল্যাণ কর্মকাণ্ড এবং হাউজকিপিং অধ্যায়ে বলা হয়েছে। শ্রমিককে অ্যাজবেসটস থেকে রক্ষা করতে ব্যর্থ হলে তাদের মৃত্যু হতে পারে।

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.১৯.৩ এ উল্লেখ্য যে,

“অ্যাজবেসটস জাতীয় দ্রব্যাদি ব্যবহৃত হয় এরূপ কাজে যেসব শ্রমিক জড়িত তারা সম্পূর্ণ শরীর আবৃত করে এরূপ পকেটওয়ালা এবং ভালভাবে হাতা ও গলা বন্ধ ও মাথা ঢাকা সম্বলিত পোশাক পরিধান করবে। অ্যাজবেসটস ধূলা নির্গমন হওয়ার জন্য যেসব জায়গা রয়েছে তার মধ্যে অবস্থিত সকল লোককেই এই নিরাপত্তা পোশাক পড়তে হবে।

সিনথেটিক ফাইবার দ্বারা এই ধরনের পোশাক প্রস্তুত করতে হবে। ভিজে যাওয়া প্রতিরোধে সম্পূর্ণ শরীরাবৃত নলওয়ালা টিলেঢালা পোশাকও ব্যবহার করা যেতে পারে।

পর্যাপ্ত ধূলা নিয়ন্ত্রণ কৌশল অবলম্বন করে যখন অল্প পরিমাণ অ্যাজবেসটস সম্বলিত কোন কার্য পরিচালনা করা হয় তখন উপযুক্ত কর্ম পোশাক ব্যবহার করার প্রয়োজন হবে না।”

## চুন নিয়ে কাজ

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.১৫ এ উল্লেখ্য যে,

“যে সকল শ্রমিক অধিক পরিমাণ চুন নিয়ে কাজ করবে তাদেরকে নিরাপত্তামূলক পোশাক, শ্বাস-প্রশ্বাস গ্রহণে সহায়ক যন্ত্র ও চশমা পরিধান করতে হবে, ত্বকের প্রদাহ থেকে রক্ষা পেতে প্রয়োজনীয় পরিষ্কার পরিচ্ছন্নতার নির্দেশ দিতে হবে, এবং তাদেরকে হাতের ক্রিম, পেট্রোলিয়াম জেলী এবং এ জাতীয় অন্যান্য প্রতিরোধক উপকরণ দিয়ে রক্ষা করতে হবে।”

## ত্বকের সুরক্ষা

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.১ এ উল্লেখ্য যে,

“সিমেন্ট আনা নেয়ার জন্য নিয়োজিত শ্রমিকদের হাত ও মুখ এবং ত্বকের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১০.৪ এ উল্লেখ্য যে,

“যেসব শ্রমিক এরূপ কোন কাজে নিয়োজিত আছে যেখানে তরল পদার্থ বা অন্য কোন উপাদান ছিটকে পড়ে ত্বকের ক্ষতি করতে পারে সেসব শ্রমিকদের শরীর ও অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গ ঢেকে রাখার জন্য পর্যাপ্ত নিরাপত্তামূলক পোশাক প্রদান করতে হবে।”

## নিরাপত্তা বেল্ট/বন্ধনী

নির্মাণক্ষেত্রে অধিকাংশ মারাত্মক দুর্ঘটনাসমূহ উচ্চ স্থান হতে পড়ে যাওয়ার ফলে হয়। যেখানে মাটা অথবা সিঁড়ি অথবা চলমান প্লাটফর্ম ব্যবহৃত হয় না, সেক্ষেত্রে শুধুমাত্র নিরাপত্তা বন্ধনীই মারাত্মক ক্ষতি অথবা মৃত্যু প্রতিরোধের উপায় হতে পারে। বিভিন্ন ধরনের বন্ধনী পাওয়া যায়। একটি নিরাপত্তা বেল্ট (কোমড় বন্ধনী) এর সাথে সাথে একটি পূর্ণ নিরাপত্তাসম্বলিত বন্ধনী সর্বদা ব্যবহৃত হতে হবে।

একটি নিরাপত্তা বন্ধনী এবং এটি থেকে সংশ্লিষ্ট বোলানো রশি অবশ্যই :

- ৭৮ এরূপ উপকরণ দিয়ে তৈরি হতে হবে যাতে কোনভাবে পড়ে গেলে ২ মিটারের বেশি ঝুলে না যায়;
- ৭৮ দেহের ওজন বহনের মতো যথেষ্ট শক্ত হতে হবে;
- ৭৮ কাজের স্থান হতে উঠতে কোন শক্ত কাঠামোর সাথে বাঁধা থাকতে হবে।

পড়ে যাওয়া সংক্রান্ত নিরাপত্তামূলক সাবধানতা অধ্যায়৭৯ এ উল্লিখ রয়েছে।

### নির্মাণ ক্ষেত্রের নিরাপত্তা সম্পর্কিত আইএলও কনভেনশন এর অনুচ্ছেদ ৩০

ব্যক্তিগত নিরাপত্তামূলক সরঞ্জাম ও নিরাপত্তামূলক পোশাক

১. যেখানে বৈরী পরিবেশে অবস্থানসহ দুর্ঘটনা অথবা স্বাস্থ্যের ক্ষতির সম্ভাবনার বিপরীতে পর্যাপ্ত সুরক্ষার বিষয়টি অন্য কোন উপায়ে নিশ্চিত করা যায় না, সেখানে কাজ ও ঝুঁকির ধরন মোতাবেক নিয়োগকারী কর্তৃক শ্রমিকদের জন্য বিনামূল্যে যথাযথ ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম এবং সুরক্ষামূলক পোশাক ব্যবস্থা সম্বন্ধে জাতীয় আইন ও নিয়মচর্চনীতিতে যেভাবে বলা আছে সেভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২. নিয়োগকারীগণ ব্যক্তিগত নিরাপত্তামূলক সরঞ্জাম ব্যবহারের জন্য শ্রমিকদেরকে যথাযথভাবে উপযুক্ত করে তুলবে এবং তাদের যথাযথ ব্যবহার নিশ্চিত করবে।

৩. যতদূর সম্ভব শরীর বিষয়ক নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সুরক্ষামূলক সরঞ্জাম এবং সুরক্ষামূলক পোশাক নিশ্চিত করতে হবে।

৪. শ্রমিকদেরকে তাদের জন্য সরবরাহকৃত সুরক্ষামূলক সরঞ্জাম এবং সুরক্ষামূলক পোশাক এর যথাযথ ব্যবহার ও যত্ন নিতে হবে।



## অধ্যায় - ৭

### অগ্নি দুর্ঘটনা

ধাতব কাটা, বালাই অথবা ঘর্ষণ কালে স্কুলিঙ্গ, ধোঁয়া এবং অতি উচ্চ তাপমাত্রার ক্ষুদ্র কণা তৈরী হয়। অগ্নি স্কুলিঙ্গের মাধ্যমে গলিত গরম ধাতব কনার বিচ্ছুরন কার্যস্থান হতে অনেক দূর পর্যন্ত ছড়াতে পারে, যেখানে কারো নজরের আড়ালে ধীরে ধীরে আগুনের সূত্রপাত করতে পারে। নির্মাণের দায়িত্বে নিয়োজিত কোম্পানি, নির্মাণাধীন এলাকার বৈশিষ্ট্য অনুযায়ী কামরার আকার ও ব্যবহারের ভিত্তিতে, এলাকার যন্ত্রপাতি, অবস্থিত দ্রব্যাদির রাসায়নিক ও প্রাকৃতিক গুণাগুণ এবং সর্বাধিক কর্মরত জনবলের সংখ্যার উপর ভিত্তি করে পর্যাপ্ত সংখ্যক অগ্নি প্রতিরোধক যন্ত্রপাতির যোগান দিবে।

#### প্রতিরোধ ব্যবস্থা

অগ্নি সংযোগের কিছু সময়ের মধ্যে তা সমগ্র নির্মাণ এলাকায় মারাত্মক ক্ষতি সাধন ও নিয়োজিত জনবলের উপরে যথেষ্ট ঝুঁকি বয়ে আনতে পারে। পূর্ব প্রস্তুতি ও সতর্ক পরিকল্পনা নির্মাণ ক্ষেত্রের আগুন ছড়ানো লাঘব করতে পারে।

আগুন ছাড়ানো বন্ধের জন্য কিছু সতর্কীকরণ তুলে ধরা হল।

- সকল দাহ্য বস্তু, তরলপদার্থ এবং এর ধারণকারী পাত্রগুলি কর্ম এলাকা থেকে সরিয়ে নেওয়া যা ভয়াবহ আগুন লাগার সম্ভাবনাকে বহুলাংশে কমাতে পারে। বেশী পরিমাণ দাহ্য পদার্থ থাকলে তা কর্মক্ষেত্র থেকে অনেক দূরে গুদামজাত করতে হবে। যদিও এটা অনেক ক্ষেত্রে সম্ভব হয়ে উঠবেনা, তবুও তা আগুনের প্রভাবের ক্ষেত্রে কিছু তারতম্য করবে।
- বাহিরে কিছু স্থাপনা যেমন গর্ত, ঢাল, বাঁধ ইত্যাদি আগুনকে ছড়াতে বাধাগ্রস্ত করে।
- যেখানে দাহ্য ধোয়া উৎপন্ন হতে পারে সেখানে সতর্কতা চিহ্ন এবং সাইন বোর্ড স্থাপন করতে হবে এবং খোলা আগুন যেমন জলন্ত সিগারেট, মোমবাতি ইত্যাদি নিয়ে প্রবেশ বন্ধ করতে হবে।

#### অগ্নি নির্বাপন যন্ত্র

বিএনবিসিতে বহনযোগ্য অগ্নি নির্বাপন যন্ত্র সম্মিলিত অনুচ্ছেদ ৩.১০.২.১ এ উল্লেখ্য যে,

“পানি সম্মিলিত অগ্নি নির্বাপন যন্ত্র কৌশলগত কারণে উপযুক্ত স্থানে স্থাপিত করতে হবে। নির্বাপন যন্ত্র ফ্রেন, হয়েস্ট কমপ্রেশার এই ধরনের জিনিসের স্থানে বসাতে হবে। যেখানে বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার হয় সেখানে কার্বন-ডাই-অক্সাইড এবং সূক্ষ পাউডার সম্মিলিত নির্বাপক ব্যবহার করতে হবে।”

অগ্নি নির্বাপকের অতিরিক্ত অন্যান্য অগ্নি নির্বাপন ব্যবস্থা যেমন স্প্রিংকলার এবং হাইড্রেন্ট এর ব্যবস্থা করতে হবে এবং নির্মাণাধীন ভবনের ভিতর ও বাহিরের যথাস্থানে প্রতিস্থাপন করতে হবে। সকল নির্বাপন যন্ত্রগুলি প্রস্তুতকারীর নির্দেশনা অনুযায়ী ব্যবহার যোগ্য করে রাখতে হবে।

সকল কর্মী এবং তত্ত্বাবধানকারীকে নির্মাণ এলাকায় স্থাপিত অগ্নি নির্বাপন যন্ত্র ব্যবহার বিধি সম্বন্ধে স্পষ্ট ভাবে জানাতে হবে। অগ্নি নির্বাপন যন্ত্র বা এর সকল স্থাপনা সমূহের যেমন হোজবিল, নির্বাপন যন্ত্র, ভাল্ড, স্প্রিংকলার হাইড্রেন্ট এর নিকট সহজে গমন সর্বাবস্থায় নিশ্চিত করতে হবে।

অবহনযোগ্য অগ্নি নির্বাপক ব্যবস্থার ক্ষেত্রে বিএনবিসির অনুচ্ছেদ ৩.১০.২.১ এ উল্লেখ্য যে,

“কোন প্রকল্পে অবহনযোগ্য অগ্নি নির্বাপন ব্যবস্থা যেমন হাইড্রেন্ট, স্ট্যান্ড পাইপ, স্প্রিংকলার এবং ভূগর্ভস্থ পানির লাইন অথবা পানির জন্য অন্যান্য সুবিধাজনক ব্যবস্থা এমনভাবে প্রতিস্থাপন করতে হবে যেন পরবর্তীকালে তা স্থায়ী ভাবে দ্রুত ব্যবহার করা যায়।”

ভবনের কাঠামো ২০মি উচ্চতায় উঠার পূর্বেই স্থায়ী হাইড্রেন্ট ব্যবস্থা রাখতে হবে। কাঠামোর উচ্চতা বাড়ানোর সাথে সাথে এর উচ্চতাও বাড়াতে হবে এবং উপরিভাগ যথাযথভাবে বন্ধ রাখতে হবে। সর্বোচ্চ হোজ অবশ্যই সর্ব উপরের নির্মাণাধীন মেঝের এক তলা নীচে থাকতে হবে। অগ্নি ঝুঁকিপূর্ণ সকল নির্মাণ এলাকায় দুইটি নির্গমন পথ থাকতে হবে। ক্ষণস্থায়ী স্টান্ড পাইপ এর সাথে প্রয়োজনীয় পাম্প স্থায়ী ব্যবস্থার পরিবর্তে রাখা যেতে পারে যদি তা ১০০মিটার ব্যাসের স্ট্যান্ড পাইপ এর মাধ্যমে ৪৫০ কিলো প্যাসকেল চাপে মিনিটে ৪০০ লিটার পানির প্রবাহ তৈরী করতে পারে।

“একটি পরিমিত আকারের ধাতব বাস্ক যা খোলা থাকবে বলে আশা করা যায় তা সকল হোজ নির্গমন পথে স্থাপন করে রাখতে হবে। ঐ ধাতব বাস্কে মেঝের সর্বাংশে পৌঁছানোর মতো পরিমিত দৈর্ঘ্যের হোজ রিল এর সাথে সংযুক্ত ১২ মি.মি. বা ২০ মি.মি. নজল থাকতে হবে। রাস্তা হতে ঐ সকল স্টান্ড পাইপে সহজে পৌঁছানোর ব্যবস্থা সবসময় ও সর্বাবস্থায় অক্ষুন্ন রাখতে হবে। অগ্নি নির্বাপক হাইড্রেন্ট এর ১.৫ মিটার দূরত্বের মধ্যে এবং এর দিকে গমনের পথে কোন বস্তু রাখা যাবে না ...।”

### অগ্নি নির্বাপন যন্ত্রের অবস্থান ও চিহ্নিত করণ

নির্দিষ্ট রঙ এর দ্বারা এবং স্থানিক সাইনবোর্ড এর দ্বারা অগ্নিনির্বাপন যন্ত্রগুলির অবস্থান নির্দিষ্ট করতে হবে অথবা নির্দিষ্ট কোন রং বা সাইনবোর্ড অথবা উভয়ই দ্বারা যন্ত্রপাতির অবস্থানের স্থান নির্দিষ্ট করতে হবে। সর্বাধিক ক্ষেত্রে এই উদ্দেশ্যে লাল রঙ অবশ্যই ব্যবহার করতে হবে। যন্ত্রগুলিকে সহজে চিহ্নিত করার জন্য ঐ লাল রঙ স্থান যথেষ্ট বড় আকারের হতে হবে। স্থাপিত সাইন বোর্ড ঐ যন্ত্র পাতি গুলির অবস্থান চিহ্নিত করতে ব্যবহৃত হবে।

সতর্কীকরণ চিহ্ন সম্বলিত বোর্ড, নিরাপত্তা বিধানের নিয়মাবলি এবং জরুরী নির্দেশাবলি উজ্জল রঙে অলঙ্কৃত, নির্মাণ এলাকার প্রবেশ পথে এবং গুরুত্বপূর্ণ স্থানে প্রতিস্থাপিত করতে হবে। এই গুলি ঝুঁকি নিরসন বা নিয়ন্ত্রন করার যথাযথ ব্যবস্থা এবং আচরন বিধি ও কার্যক্রম গ্রহণের পস্থা বর্ণনা করিবে। লাল সতর্ক চিহ্ন ভবনে, যন্ত্রপাতিতে এবং ব্যবহার্য সংযোগগুলিতেও রাখতে হবে।

যে সকল সাইন ব্যবহার করতে হবে তা নিম্নরূপঃ-




ফারার হোজ

মই

অগ্নি নির্বাপক

জরুরী (অগ্নি) দুরালাপনি



এই পথে  
(সম্পূরক তথ্য সংকেত)



বিশেষ করে খাড়া চলাচলের পথ যেমন-সিঁড়িঘর, লিফটের উঠানামা পথে অথবা এদের নিকটে অবস্থিত সকল বর্জ্য যেমন-কাঠের খন্ডাংশ, কাঠের চিড়, করাত গুড়া, কাগজ, তৈলাক্ত পদার্থ ইত্যাদি সংগ্রহ পূর্বক প্রত্যেক কার্যদিবসের শেষে নিরাপদে সরিয়ে ফেলতে হবে।

নির্মাণকাজ শুরু করার পূর্বে অগ্নি নির্বাপনের জন্য একটি স্বতন্ত্র জলাধারের ব্যবস্থা করতে হবে। জলাধারটি সব সময় পানি দ্বারা পরিপূর্ণ রাখতে হবে।

বিএনবিসি অনুচ্ছেদ ২.১.২ এ উল্লেখ্য যে-

“দাহ্য পদার্থ গুদামজাত করা খোলা অথবা ঢাকনা সম্বলিত স্থানে কমপক্ষে দুইটি রাসায়নিক গুড়া সম্বলিত অগ্নিনির্বাপক যন্ত্র রাখতে হবে।”

বিএনবিসি অগ্নি সময়কালীন নির্গমন পথ সম্পর্কিত অনুচ্ছেদ ৩.১০.২. ৬ এ উল্লেখ্য যে,

“অগ্নিবুঁকিপূর্ণ সকল নির্মাণ এলাকায় কমপক্ষে স্পষ্টভাবে নির্দিষ্ট দুইটি নির্গমন পথ থাকতে হবে। অন্যান্য নির্গমন ব্যবস্থা এই কোডের বিভিন্ন অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী নির্মাণ এলাকায় থাকতে হবে, অগ্নি নির্গমন পথ সহজেই খোলার যোগ্য হবে; নির্গমন পথ কখনই গুদাম জাত বা উচ্চিষ্ট দ্রব্যাদি দ্বারা প্রতিবন্ধক করে রাখা যাবে না।

ভবনের জন্য অগ্নি প্রতিবন্ধক দেয়াল এবং সিঁড়িঘর নির্মাণ অনুসূচিতে প্রাধিকার দিতে হবে। যে ভবনে অগ্নি প্রতিরোধক স্বয়ংক্রিয় বা অস্বয়ংক্রিয়ভাবে আটকানো ব্যবস্থা সম্বলিত দরজা, দাহ্য পদার্থ অধিক ব্যবহারের ফলে অগ্নিবুঁকি বৃদ্ধির আগে বানাতে হবে এবং যত দ্রুত সম্ভব তা স্থাপন করতে হবে।”



## অধ্যায় - ৮

# নিরাপদে হাত দ্বারা নির্মাণ সামগ্রী উঠানো-নামানো

কর্মক্ষেত্রে ভারী জিনিস হাত দ্বারা উঠানো ও নামানো বা নিয়ে যাওয়ার সময় দুর্ঘটনায় আহত হওয়ার ঘটনা ঘটে থাকে। অনেক হস্তসাধিত উঠানো নামানোর কাজ বারংবার করার কারণে অনেক দুর্ঘটনা ঘটে। এ ধরনের ঘটনা অনেক সময় কারো জন্য সারাজীবনের ব্যথা বা পঙ্গুত্বের কারণ হতে পারে।

সর্বোচ্চ কত ওজনের সামগ্রী হাত দ্বারা উঠানো-নামানো যাবে তার কোন নির্দিষ্ট ‘নিরাপদ’ সীমা নেই। সামগ্রী উঠানোর প্রকৃতি, স্থান, কীভাবে উত্তোলন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে, ওই সামগ্রীর ওজন কত প্রভৃতি বিষয়ের ওপর দুর্ঘটনার ঝুঁকির মাত্রা নির্ভর করে।

বিশ কেজির বেশি ওজন বহন করা কারো উচিত হবে না বলে বিএনবিসিতে সুপারিশ করা হয়েছে।

তবে অপ্রয়োজনীয় উঠানো-নামানোর কাজ এড়িয়ে যাওয়া আরো ভাল। তার জন্য নিচের বিষয়গুলি অনুসরণ করা প্রয়োজন:

- কাজ শুরু করার পূর্বে ওই নির্মাণ সামগ্রী উত্তোলনের জন্য তা খুব ভারী বা সমস্যা সংকুল বা বারবার উঠাতে হবে-প্রভৃতি বিষয় চিহ্নিত করতে হবে। বিশেষ করে ভারী নির্মাণ সামগ্রী হাত দ্বারা উঠাতে বা নামাতে হলে ওজন এর বিষয়টি গুরুত্ব দিতে হবে।
- এরপর যা করতে হবে তা হল;
  - একসাথে সবকিছু উঠানো এড়াতে হবে; অথবা
  - হালকা ওজনের সামগ্রী ব্যবহার করতে হবে; অথবা
  - যান্ত্রিক সাহায্য নিতে হবে।
- যেখান থেকে নির্মাণ সামগ্রী উঠানো হবে তার উচ্চতা ও দূরত্ব কমাতে হবে এবং যেখানে নিতে হবে তার দূরত্ব কমাতে হবে।
- প্রতিনিয়ত ব্যবহার্য সামগ্রীর একটা ওজনসীমা নির্ধারণ করতে হবে এবং তা ২০ কেজির বেশি হবে না।
- যেসব দ্রব্য ব্যাগে থাকে সেগুলো সরবরাহ করার জন্য এমনভাবে অর্ডার দিতে যাতে সেগুলো ছোট ও সহজে বহনযোগ্য হয়।
- হাত দ্বারা জটিল অবস্থায় সামগ্রী উঠানোর জন্য পরিকল্পনা করতে হবে, বিশেষ করে যখন দু’জনে/কয়েকজনে কোন সামগ্রী উঠানো হয়। যখন শ্রমিকদের উচ্চতা ও শক্তি অসম হয় এবং একসাথে উঠানো-নামানোর কাজের ওপর প্রশিক্ষণ না থাকে তখন ঝুঁকি আসতে পারে।
- নিরাপদ উঠানো-নামানোর কৌশল এবং সাবধানে ভারী বস্তু নাড়াচাড়ার ওপর প্রশিক্ষণ প্রয়োজন।

বিএলএ ধারা ৭৪ এ বলা হয়েছে:

“কোন প্রতিষ্ঠানে কোন শ্রমিককে, তার ক্ষতি হতে পারে এমন কোন ভারী জিনিস উত্তোলন, বহন অথবা নাড়াচাড়া করতে দেয়া যাবে না”

বিএনবিসি অনুচ্ছেদ ২.৩.১ এবং ২.৩.২ এ উল্লেখ্য যে:

“রেল ওয়গন ও মটর যান থেকে মালামাল বোঝাই ও খালাস করার সঠিক পদ্ধতি সম্পর্কে প্রত্যেক শ্রমিককে নির্দেশনা দিতে হবে এবং নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রদান করতে হবে। প্রতিক্ষেত্রে ওজন ও দূরত্বের উপর ভিত্তি করে প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক আছে কিনা এবং তারা সে বিশেষ কাজে জড়িত কিনা এসব বিষয়সমূহ সুপারভাইজরগণ নিশ্চিত করবে।”



“যদি পাওয়া যায় তাহলে ভারী মালামাল উঠানো-নামানোর জন্য ক্রেন বা ভার উত্তোলক ব্যবহার করতে হবে। যান্ত্রিক উপকরণের সাহায্যে দ্রব্যাদি নাড়া-চাড়া করানোর পথ শ্রমিকের অবস্থান মুক্ত রাখতে হবে। এক্ষেত্রে ব্যবহৃত শিকল ও রশি পর্যাপ্ত ভার বহন ক্ষমতাসম্পন্ন হতে হবে ...।”

“নিয়মিত ও বার বার মালামাল ওঠানো-নামানোর কাজে নিয়োজিত একজন শ্রমিক সর্বোচ্চ ২০ কেজি পর্যন্ত ভার বহন করতে পারবে। বিশেষভাবে নির্বাচিত শ্রমিক দ্বারা ভারী মালামাল বহন করাতে হবে এবং প্রয়োজনে তাদের প্রশিক্ষণ দিতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.৩ এ বলা হয়েছে:

“ইট বোঝাই ও খালাসের ইটসমূহ যেখানে সারিবদ্ধভাবে রাখা যেখানে থেকে প্রয়োজন অনুযায়ী অল্পাকারে নির্মাণ ক্ষেত্রে নিতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.১৮.১ এ উল্লেখ্য যে:

“উপযুক্ত বা দক্ষ কর্মচারীর তত্ত্বাবধানে বিস্ফোরক দ্রব্য বোঝাই, খালাস ও উঠানো নামানো করতে হবে।”



## অধ্যায় - ৯

# পড়া প্রতিরোধ ব্যবস্থা

নির্মাণ ক্ষেত্রে শ্রমিকরা যেসব ঝুঁকি মোকাবেলা করে তারমধ্যে উপর থেকে পড়ে যাওয়া সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ। ২০০৭ থেকে ২০০৯ সালের মধ্যে এই তিন বছর সংবাদপত্রে প্রকাশিত রিপোর্ট বিশ্লেষণ করে জানা যায় যে, নির্মাণ এলাকায় ৩৮ শতাংশ মৃত্যুর ঘটনা ঘটেছে উপর থেকে পড়ে গিয়ে।

সাধারণ কিছু ব্যবস্থা এ মৃত্যু ঠেকাতে পারে। এক্ষেত্রে আইনে বিস্তারিত বিবরণ আছে। উপর থেকে পড়া প্রতিরোধে নিচের ব্যবস্থাগুলি গ্রহণ করতে হবে।

- সম্ভব হলে উঁচুতে কাজ পরিহার করা  
উঁচুতে কাজ যেহেতু বিপজ্জনক সেহেতু সম্ভব হলে তা পরিহার করতে হবে।
- উঁচুতে নিরাপদ কর্মক্ষেত্র তৈরি  
উঁচুতে যেখানে দাঁড়িয়ে কাজ করা প্রয়োজন সে জায়গাটা নিরাপদভাবে তৈরি করতে হবে। এজন্য বিভিন্ন ধরনের নিরাপত্তা সরঞ্জাম প্রয়োজন।

সাধারণত: চারটি জায়গায় শ্রমিকদের দাঁড়িয়ে কাজ করতে হয়। যেমনগ ক)মেঝে বা ছাদ খ) ম্যাঁচা গ) বাসের পাটাতন ও ঘ) মই

### মেঝেতে কাজ করা

মেঝেতে কাজ করার জন্য বিএনবিসিতে কয়েকটি নির্দেশনা রয়েছে:

- ণ্ড সকল খোলা কিণারায় বেড়া (Railng) এবং টোণ্ডবোর্ড থাকতে হবে;
- ণ্ড সকল গর্ত বেড়া বা টোণ্ডবোর্ড দিয়ে ঘিরে রাখতে হবে;
- ণ্ড সকল সিঁড়িপথের খোলা মেঝেতে বেড়া থাকতে হবে;
- ণ্ড সকল সিঁড়িতে হাতল থাকতে হবে;
- ণ্ড লিফটটের জন্য ফাঁকা জায়গা/গর্ত সম্পূর্ণভাবে ঢেকে রাখতে হবে।

### পার্শ্ব খোলা মেঝে, বেড়া ও টো-বোর্ড থাকতে হবে

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৫.৫ এ উল্লেখ্য যে

“ঢালুপথ, সিঁড়ি বা স্থায়ী মই এ প্রবেশের পথ ছাড়া প্রতিটি চতুর্দিক খোলা মেঝে বা প্লাটফর্ম যা পাশ্ববর্তী মেঝে বা ভূমির সমতল থেকে ১.২ মি উঁচু সকল খোলা পার্শ্বগুলোতে বেড়া দিয়ে ঘিরে রাখতে হবে। এ ধরনের প্রবেশদ্বারগুলো ঝুলন্ত দরজা দিয়ে আটকিয়ে রাখতে হবে অথবা এমন ভিন্ন অবস্থা করতে হবে যাতে কোন লোক সরাসরি প্রবেশে কিছুটা বাধার সম্মুখীন হন। বেড়ার সাথে কমপক্ষে ২০০ মি.মি. উঁচু টোণ্ডবোর্ড থাকবে।”

### মেঝেতে গর্ত

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৫.৫ এ উল্লেখ্য:

“প্রত্যেক অস্থায়ী মেঝের (মেঝের খোলা জায়গা) এ ৯০০ মি.মি উঁচু বেড়া দিতে হবে অথবা সব সময় প্রহরায় রাখতে হবে। প্রত্যেক মেঝের গর্ত টোণ্ডবোর্ডসহ বেড়া দিয়ে ঘিরে রাখতে হবে অথবা কজাযুক্ত ঢাকনা দিতে হবে। বিকল্প হিসেবে, সব সময় প্রহরা রাখতে হবে বা অপসারণযোগ্য বেড়া দ্বারা সুরক্ষিত রাখতে হবে।”



অনুচ্ছেদ ১.১.৩ এ খোলা মেঝেকে সজ্জায়িত করেছে এভাবে: ঠকোন খোলা মেঝে, পাটাতন, পেভমেন্ট বা উম্মুক্ত যায়গা যার পরিধি কমপক্ষে মেঝের গর্ত থেকে বড় বা ৩০০ মি.মি. এর বেশি এবং যার ভেতর দিয়ে কোন লোক পড়ে যেতে পারে, যেমন- হ্যাচওয়ে, সিঁড়ি বা মইয়ের জন্য খোলা অংশ, হোপার মাউথ পিট বা বড় ম্যানহোল।”

### সিঁড়িপথের খোলা মেঝে

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১১.১ এ উল্লেখ্য:

“প্রত্যেক সিঁড়িপথের খোলা মেঝের বাইরের দিকে প্রবেশপথ ছাড়া কমপক্ষে ৯০০মিমি উচ্চতা সম্পন্ন বেড়া দিতে হবে। স্থায়ী হাতল বেড়া না দেয়া পর্যন্ত অস্থায়ীভাবে দড়ি, বাঁশ ইত্যাদি দ্বারা সিঁড়িতে ঘের প্রদান করতে হবে।”

### লিফট এর খালি ঘর

বিএনবিসি অনুচ্ছেদ ২.৯.২ এ উল্লেখ্য:

“লিফটের খালি ঘরে প্রবেশে প্রতিবন্ধকতা প্রদান করতে হবে। প্রতিবন্ধকতা এমন হতে হবে যে, যাতে কোন লোকের ধাক্কা লাগলেও তা ঠেকাতে সক্ষম। যখন লিফট একেজো থাকবে তখন লিফটের লবিতে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি/সংকেত প্রদর্শন করতে হবে।”

### মাঁচার ওপরে কাজ

বাংলাদেশে নির্মাণ এলাকায় উঁচুতে কাজ করার জন্য সাধারণত বাঁশের মাঁচা ব্যবহার করা হয়। বাঁশের মাঁচা তৈরি করা নিরাপদ একথা সরাসরি বলা যায় না। বাঁশের মাঁচা যারা পরিকল্পনা করে, তৈরি করে, উত্তোলন করে, পরিবর্তন করে এবং ভেঙ্গে ফেলে তাদের এসব কাজে প্রশিক্ষিত ও যোগ্য হতে হয়। যে উপাদানেই তৈরী করা হোক না কেন, একটি নিরাপদ মাঁচাকে শ্রমিক কর্তৃক প্রদত্ত ও কাজের মাধ্যমে উদ্ভূত পর্যাপ্ত ভার ও চাপ সহনশীল হতে হবে, নিরাপদ ভাবে বাঁধা থাকতে হবে এবং শ্রমিক ও নির্মাণ সামগ্রী যাতে পড়ে না যায় - তেমন হতে হবে।

মাঁচা যাতে নিরাপদ হয় সেজন্য বিএনবিসি নিচের নির্দেশনাগুলো দিয়েছে :

- ব্যবহৃত বাঁশ শক্ত ও মজবুত হতে হবে;
- মাঁচা শক্ত জায়গার ওপর নির্মাণ করতে হবে;
- বাঁশের খুঁটি বাঁধার রশি মজবুত হতে হবে;
- আড়াআড়িভাবে বাঁশ বাঁধতে হবে;
- শ্রমিক যাতে কাজ করতে পারে সেজন্য মাঁচায় শক্ত ও মজবুত পাটাতন ব্যবহার করতে হবে;
- মাঁচায় পাটাতনে টো-বোর্ড থাকতে হবে;
- মাঁচা ভবনের এর সাথে সংযুক্ত করতে হবে।

### সাধারণ প্রয়োজনীয়তা

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৭.৩ এ উল্লেখ্য যে:

“সকল ... ফর্মওয়ার্ক ও মাঁচা মজবুত, সুদৃঢ় ও সুস্থিত হতে হবে।”

### শক্ত ও মজবুত বাঁশ

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৭.১ এ উল্লেখ্য যে:

“মজবুত বাঁশ, কাঠ, ষ্টীলের নল বা অন্য যে কোন উপযুক্ত উপকরণ দিয়ে মাঁচা তৈরী করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৭.৪ এ উল্লেখ্য যে:

“মাঁচা, খুঁটি, শ্রমিকদের ব্যবহারের জন্য অস্থায়ী মাঁচা, ঢালুপথ, ইত্যাদির জন্য পর্যাপ্ত পরিমাণে উন্নত, নিরাপদ ও একই ধরনের বাঁশ সংগ্রহ করতে হবে। বাঁশগুলোতে কোন প্রকার খুঁত থাকা যাবে না, একে অপরের সাথে মজবুতভাবে বাঁধা, এবং সংযোগগুলি মসৃণ হতে হবে।”

“খাড়া ভাবে ভার বহনের জন্য বাঁশগুলোর ব্যস ৭৫ মি.মি. এর কম হবে না, এবং যথাসম্ভব সোজা হবে।”

**শক্ত জায়গার ওপর যথাযথভাবে মাঁচা বাঁধতে হবে এবং শক্ত বাঁধন দিতে হবে**

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৭.৪ এ উল্লেখ্য যে:

“বাঁশগুলো একটা আরেকটার সাথে দৃঢ়ভাবে এমন ভাবে বাঁধতে হবে যাতে সংযোগ গুলি মসৃণ হয়। কোন ভাবেই শুধু পেরেক দিয়ে সংযোগ দেয়া যাবে না”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৭.১ এ উল্লেখ্য যে:

“এগুলো শক্ত মেঝেতে আবদ্ধ খাড়া খুঁটির সাথে যথার্থভাবে বাঁধতে হবে। বাঁশের খুঁটিগুলো বাঁধার জন্য মজবুত দড়ি ব্যবহার করতে হবে। এছাড়া, কমপক্ষে ৬ মিমি ব্যাসের স্টীলের তার বা রডের বাঁধনের সাথে বাঁশ বা কাঠের খুঁটির দাঁর আড়াআড়ি শক্ত বাঁধন দিতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৭.৪ এ উল্লেখ্য যে:

“যদি মাঝখানে অনুভূমিক শক্ত বাঁধন দেয়া হয় তাহলে ৪ মিটার উচ্চতার বাঁশ খাড়া ভাবে ভার বহনের জন্য ব্যবহার করা যেতে পারে। বাঁশ জোড়া দেয়া পরিহার করতে হবে।”

**শক্ত মাঁচার পাটাতন**

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৭.১ এ উল্লেখ্য যে:

“অনুভূমিক খুঁটির উপর আড়াআড়িভাবে কাঠের তক্তা বা স্টীলের পাত বিছিয়ে দিতে হবে যাতে ভালভাবে পা রাখা যায় ও নির্মাণ সামগ্রী রাখা যায়। সমস্ত সংযোগগুলো নিরাপদভাবে দড়ি দিয়ে একত্রে শক্ত করে বাঁধতে হবে। বাঁধনের রশি নষ্ট হয়েছে কিনা ও তক্তা পঁচে গেছে কিনা নির্মাণ কাজ চলাকালীন সময়ে তা নিয়মিত পরীক্ষা করতে হবে এবং প্রয়োজনে পরিবর্তন করতে হবে।”

**ভবনের সাথে সংযুক্তি**

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৮.৭ এ উল্লেখ্য যে:

“মাঁচা পর্যাপ্ত স্থানে ভবনের সংগে নিরাপদে বাঁধতে হবে।”

**পাটাতনের উপর কাজ**

যেখানে কোন মেঝে বা মাঁচা নেই সেখানে শ্রমিককে দাড়িয়ে কাজ করার জন্য পাটাতন দিতে হবে। পার্শ্ব খোলা মেঝের মত আইন অনুযায়ী পাটাতনে বেড়া এবং টো-বোর্ড থাকতে হবে।

**ভালভাবে প্রস্তুতকৃত পাটাতন এ যা যা থাকা দরকার**

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৫.১ এ উল্লেখ্য যে:

“ছাদ নির্মাণের সময় প্লাটফর্ম ... প্রদান করতে হবে।”



বিএনবিসি অনুচ্ছেদ ৩.৫.৩ এ উল্লেখ্য যে:

“ছাদের ধরন অনুযায়ী কাজের জন্য পাটাতন সরবরাহ করতে হবে। মজবুত উপকরণের সাহায্যে নিরাপদ ও শক্তভাবে প্লাটফর্ম নির্মাণে অতিরিক্ত সতর্কতা গ্রহণ করতে হবে এবং নির্মাণ কাজ চলাকালীন পুরোপুরি সময়ে তা নিয়মিত পরীক্ষা করতে হবে।”

**বেড়া ও টো-বোর্ডের জন্য যা প্রয়োজন**

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৫.৫ এ উল্লেখ্য যে:

“চালুপথ, সিঁড়ি বা স্থায়ী মই এ প্রবেশের পথ ছাড়া প্রতিটি ... পাটাতন যা পাশ্ববর্তী মেঝে বা ভূমির সমতল থেকে ১.২ মি উচু সকল খোলা কিনারাগুলোতে বেড়া দিয়ে ঘিরে রাখতে হবে। এ ধরনের প্রবেশদ্বারগুলো বুলন্ত দরজা দিয়ে আটকিয়ে রাখতে হবে অথবা এমন ভিন্ন ব্যবস্থা করতে হবে যাতে কোন লোক সরাসরি প্রবেশে কিছুটা বাধার সম্মুখীন হন। বেড়ার সাথে কমপক্ষে ২০০ মি.মি. উঁচু টো-বোর্ড থাকবে।”

#### গার্ড রেইল ও টো-বোর্ড

গার্ড রেইল ও টো-বোর্ড পর্যাপ্তভাবে শক্ত ও স্থির হওয়া উচিত যাতে করে পড়ে যাওয়া প্রতিরোধ করতে পারে এবং বহনকৃত অন্যান্য ভার সামলাতে পারে। এগুলো একটা কাঠামোর সাথে সংযুক্ত থাকবে। পাটাতন বা অন্যান্য স্থান থেকে নির্মাণ সামগ্রী পড়ে যাওয়া বন্ধে টো-বোর্ড খুবই সহায়ক।

**মই-এর উপর কাজ**

নিরাপদে কাজ করার অন্য কোন উপায় থাকলে মই ব্যবহার করা উচিত নয়। কিন্তু মই খুব সহজে ও কম খরচে পাওয়া যায়। যার ফলে এর খারাপ দিকগুলো সবসময় উপেক্ষা করা হয়। মই ব্যবহার করতে হলে স্বল্প সময়ের জন্য করতে হবে এবং তা সাধারণত ৩০ মিনিটের বেশী হবে না। মই শুধু হালকা কাজের জন্য ব্যবহৃত হবে কিন্তু কোন সামগ্রী বহন বা ধারণের জন্য নয়।

বিএনবিসিতে উল্লেখ্য যে মই শক্ত ও নিরাপদে ব্যবহারের জন্য:

- মইয়ের উপরের অংশ মই চাতালের যে দিকে বৃষ্টি ঠেস দিবে তা থেকে বর্ধিত হতে হবে;
- মই যাতে পিছলিয়ে না যায় সেজন্য নিচের প্রান্তে নিরাপত্তা নিশ্চিত করতে হবে বা ব্যবহারের সময় একজন কেউ ধরে রাখবে;
- খুব বেশী কাত করা যাবে না।

একটি মই কীভাবে নিরাপদে ব্যবহার করতে হবে বিএনবিসি তা বর্ণনা করেছে এবং আরো উল্লেখ করেছে যে কোন মই এর কাজ শেষ হওয়ার সাথে সাথে এবং প্রতি ছয় সপ্তাহ পরপর নিয়মিত মই পরিদর্শন করতে হবে। আইএলও প্রশিক্ষণ পুস্তিকায় উল্লেখ্য যে উপরে এমন কোন বৈদ্যুতিক তার থাকতে পারবেনা যেখানে মই এর সাথে লেগে যেতে পারে।

**ভালভাবে প্রস্তুতকৃত মই**

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৪.২.২ এ উল্লেখ্য যে:

“সকল মই-ই ভাল মানের উপাদান দ্বারা তৈরি হতে হবে এবং পরিকল্পিত ওজন বহন করার মত ক্ষমতা সম্পন্ন হতে হবে। মইয়ের পাদানি নেই বা ত্রুটিপূর্ণ পাদানি বা শুধু পেরেকের উপর নির্ভরশীল এরূপ কোন মই ব্যবহার করা যাবে না। রেখে দেয়া কোন মই পুনরায় ব্যবহার করার আগে পরীক্ষা করে নিতে হবে।”

“দুইটা মই একত্রে জোড়া দেয়া যাবে না; যদি একান্ত দিতেই হয় তাহলে একজন ফোরম্যানের তত্ত্বাবধানে দিতে হবে।”

“মইয়ের সকল সংযোগই সঠিকভাবে নির্মিত হতে হবে। প্রয়োজনে মইয়ে হাতল প্রদান করতে হবে। যদি মনে হয় যে মই দুলতে পারে তাহলে মইয়ের মাঝামাঝি নড়বে না এমন স্থায়ী কোন কিছুর সাথে শক্ত করে বলকারক বাধন দিতে হবে। মজবুত কারী কোন কিছুর মাধ্যমে অতিরিক্ত দৌল্যমানতা নিয়ন্ত্রণ করতে হবে।”

### ব্যবহার কালে মই নিরাপদ হতে হবে

মই সংক্রান্ত দুর্ঘটনা অর্ধেক এর বেশী ঘটে তলায় অথবা শীর্ষ দেশে মই পিছলে গিয়ে। ফলে মইকে শক্ত ও সমভূমিতে স্থাপন নিশ্চিত করতে হবে।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৪.২.১ এ উল্লেখ্য যে:

“মইয়ের বেড়াগুলো চাতাল থেকে কমপক্ষে ১মি. উচ্চতা পর্যন্ত বর্ধিত রাখতে হবে এবং উপর প্রান্ত নিরাপদ রাখতে হবে। বিকল্প ব্যবস্থা হিসেবে চাতালে পর্যাপ্ত হাতল অথবা পাশে দড়ি বা শিকল থাকতে হবে যা তলদেশে নোঙ্গর করে বাঁধা থাকবে।

মই যাতে পিছলিয়ে না যায় সেজন্য নিচের প্রান্তে নিরাপত্তা নিশ্চিত করতে হবে বা ব্যবহারের সময় একজন কেউ ধরে রাখবে। মই উপর থেকে সমতলের সঙ্গে সর্বোচ্চ ৭৫ ডিগ্রি কোনে থাকতে হবে। পিচ্ছিল বা ঢালু মেঝেতে মই যাতে পিছলিয়ে না যায় তার জন্য অপিচ্ছিল ভিত্তি দিতে হবে। প্রবল বাতাসে মই ব্যবহার করার সময় নিরাপদভাবে নির্দিষ্ট স্থানে দড়ি দিয়ে শক্ত করে বেঁধে রাখতে হবে।

মই কোন অবস্থাতেই জানালার কাচ, উপরে-নীচে ঠেলে সরানো যায় এরূপ জানালা বা এ জাতীয় ভঙ্গুর বা সহজে বেঁকে যাওয়া উপাদান অথবা এরূপ কোন দরজা যা মই বরাবর খোলা যায় তার সামনেও রাখা যাবে না। যদি যানবাহন চলাচল, করিডোর বা পথচারী চলাচলের রাস্তার উপর মই স্থাপন করা হয় তাহলে অবশ্যই তাতে প্রতিবন্ধক দিতে হবে। কোন অনিরাপদ ভিত্তি যেমন মাঁচা, খননকৃত গর্তের উপর প্রদত্ত তক্তা ইত্যাদির উপর মই স্থাপন করা যাবে না।”

### মইয়ের উপর নিরাপদে কাজ

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৪.২.২ এ উল্লেখ্য যে:

“মই ব্যবহারকারী ব্যবহারের সময় তার পা মইয়ের পাদানির মধ্যখানে না রেখে শেষভাগের কাছাকাছি রাখবে এবং মই সামনে রেখে উঠবে। মইয়ে উঠার সময় দু’হাত-ই ব্যবহার করতে হবে।

একবারে মইয়ের একপাশ থেকে কাত হয়ে ৩০০ মি.মি-এর বেশী ঝোঁকা গ্রহণযোগ্য হবে না; এর বেশী হলে মই সরিয়ে সেখানে নিতে হবে।”

### কোন কাজে মই ব্যবহার করা যাবে না

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৪.২.২ এ উল্লেখ্য যে:

“কোন কিছু সোজা রাখা, যুক্ত করা বা ভারী বস্তু টেনে বা গড়িয়ে নেয়ার কাজে মই ব্যবহার করা যাবেনা, এছাড়া ঢালু পথ বা পায়ে চলার পথ হিসেবে ব্যবহারের জন্য মই সমান্তরালভাবে পেতে রাখা যাবে না। মইয়ে অনেক লোক উঠা যাবে না।”

### মই পরিদর্শন

আইএলও প্রশিক্ষণ পুস্তিকার নির্দেশনা মোতাবেক অল্প, ক্ষার ও অন্যান্য ক্ষয়কারী বস্তু সংক্রান্ত কাজে এ্যালুমিনিয়ামের মই যথাযথ প্রতিরোধী আস্তরের প্রলেপ থাকা উচিত।



## কাঠের মই

কাঠের মইতে ভাঙ্গন অথবা ফাটল, তীক্ষ্ণ টুকরা অথবা বিকৃতি আর লোহার মইতে যান্ত্রিক ত্রুটি এবং আলগা ক্ষয়প্রাপ্ত অথবা না থাকা কোন পাদানির জন্য পরীক্ষা করতে হবে। অব্যবহৃত মই মাটিতে ফেলে রাখা উচিত হবে না যাতে রোদ-বৃষ্টি, পানি এবং আঘাতজনিত ক্ষতি হয়। আই এল ও প্রশিক্ষন পুস্তিকা অনুযায়ী কাঠের মই এমন আলো বাতাসপূর্ণ স্থানে রাখা উচিত যেখানে অধিক তাপ এবং আর্দ্রতা নেই। কাঠের মই ভূমি থেকে উঁচু স্থানে তাঁকের উপরে যথাযথ আচ্ছাদন দিয়ে ঢেকে রাখা উচিত এবং ৬ মিটারের অধিক দৈর্ঘ্য সম্পন্ন মইয়ের ক্ষেত্রে কমপক্ষে তিনটি স্থানে ঠেস দেয়া থাকতে হবে যাতে এটি বেঁকে না যায়। কাঠের মই এবং সরঞ্জাম স্বচ্ছ বার্নিশ অথবা সংরক্ষন দ্রব্য দ্বারা আবরণ দেয়া যেতে পারে কিন্তু রং দিয়ে প্রলেপ দেয়া উচিত নয় যাতে খুঁতসমূহ ঢেকে যেতে পারে।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৪.২.২ এ উল্লেখ্য যে:

“ক্ষতি ও মানের অবনতি নির্ণয়ের জন্য কাঠের মই প্রতি ৬ সপ্তাহে কমপক্ষে একবার সতর্কতার সাথে পরীক্ষা করতে হবে। ভার বহন ক্ষমতা পরীক্ষা করার জন্য নিবীড় চাক্ষুস পর্যবেক্ষণ পদ্ধতি প্রয়োগ করতে হবে। দড়ি ও বাঁশের মই যার দড়ি শুকিয়ে যেতে পারে এবং বাঁশ নষ্ট হয়ে যেতে পারে এরূপ ক্ষেত্রে এ পদ্ধতি প্রয়োগ করতে হবে।”

“ফেলে রাখা মই পুনরায় ব্যবহারের পূর্বে আবার পরীক্ষা করে দেখতে হবে।”

## ধাপ বিশিষ্ট মই

আইএলও প্রশিক্ষন পুস্তিকা মোতাবেক ধাপ বিশিষ্ট মইগুলো তাদের পূর্ণমাত্রায় প্রসারিত হতে হবে এবং সমতলের উপর তলে ব্যবহার করতে হবে। তাদেরকে কাজের সময় যথাসম্ভব খাড়াভাবে রাখতে হবে। বর্ধিত অংশ দ্বারা উদ্ভূত পর্যাপ্ত হাতল ছাড়া সর্বোচ্চ পাটাতনে অথবা ধাপ সম্পন্ন মই এর সর্বোচ্চ ধাপে বসে কাজ করা উচিত নয়। ধাপ বিশিষ্ট মইকে প্রসারন থেকে বিরত রাখার কাজে ব্যবহৃত দড়ি, শিকল অথবা সুতা পর্যাপ্ত পরিমাণেও সমান দৈর্ঘ্যে এবং ভালো অবস্থায় রাখতে হবে।

## শ্রমিকদের হারনেস/শরীর বন্ধনী প্রদান

কাজের ধরন অনুযায়ী শ্রমিককে রশিসম্বলিত শরীর বন্ধনী প্রদান করতে হবে কারণ শুধু পূর্বসতর্কতা অনেক সময় উঁচুতে নিরাপদে কাজ করার জন্য পর্যাপ্ত নয়।

কাজের ধরনের ওপর হারনেস বা শরীর বন্ধনীর ধরন নির্ভর করে। এটা হতে পারে:

- সাধারণ শরীর বন্ধনী ছোট রশির মাধ্যমে একটা পয়েন্টের সাথে যুক্ত থাকে যাতে করে শ্রমিক তার কাজের জায়গায় যেতে পারে কিন্তু খোলা কিণারায় পৌঁছাতে পারে না। একে বলে কাজে বাধাদান কারী শরীর বন্ধনী (“work-restrain harness”)
- যখন কোন শ্রমিককে কোন খোলা কিণারায় যেতে হয় তখন পড়ে যাওয়া প্রতিরোধে শরীর বন্ধনী এর প্রয়োজন হয়। একে বলা হয় পড়তে বাধাদানকারী শরীর বন্ধনী (“fall arrest harness”)। এ ধরনের সাজ শুধু একজনকে রক্ষা করতে পারে যদি সেটা সঠিকভাবে কোন পয়েন্টের সাথে রশি দিয়ে যুক্ত করা হয়।

## নিরাপত্তা বন্ধনী ও শরীর বন্ধনীর ব্যবহার

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৫.১ এ উল্লেখ্য যেঃ

“ছাদ নির্মাণের সময়...ক্যাচ রোপ প্রদান করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৭.২ এ উল্লেখ্য যেঃ

“ফর্মওয়ার্ক সরানোর কাজে নিযুক্ত শ্রমিকরা ২ মিটারের উপরে যদি পা রাখার পর্যাণ্ড জায়গা না পায় তখন অবশ্যই নিরাপত্তা বন্ধনী পড়বে।”

### কর্ম এলাকার নীচে জাল এর ব্যবহার

যেখানে ওপর থেকে পড়ে যাওয়া প্রতিরোধ করা যায় না সেখানে উচ্চতার দূরত্ব কমিয়ে দুর্ঘটনার পরিণতি নিয়ন্ত্রণ করার জন্য ব্যবস্থা নেয়া যায়। যেখানে কাজ করা হচ্ছে তার নীচে জাল স্থাপন এক্ষেত্রে কার্যকরী উদাহারণ। উল্লেখ্য অন্যান্য প্রতিরোধমূলক নিরাপত্তা ব্যবস্থার বিকল্প হিসেবে জাল ব্যবহার করা ঠিক নয়। জাল স্থাপন জটিল কাজ এবং যোগ্য ও প্রশিক্ষিত ব্যক্তি ছাড়া এ কাজ করা উচিত নয়। পড়ে যাওয়ার উচ্চতা কমানোর জন্য কাজের জায়গার যত নিকটে সম্ভব জাল স্থাপন করতে হবে। এটা সর্বশেষ ব্যবস্থা হিসেবে ব্যবহার করা উচিত।

### কর্ম এলাকার নীচে জাল এর ব্যবহার

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১.৩ ও ৩.৫.১ এ উল্লেখ্য যেঃ

“উঁচু ভবন নির্মাণের সময় যেখানে কাজ হয় তার ৩ থেকে ৪ মিটার নিচে ভবনের চারিদিকে নাইলনের জাল দিতে হবে ... ছাদ নির্মাণের সময় জাল দিতে হবে।”

### অস্থায়ী মাঁচার ওপর কাজ

সাধারণ মাঁচা ছাড়াও কিছু অস্থায়ী মাঁচা রয়েছে। যেমন-ঝুলন্ত মাঁচা, ভ্রাম্যমান মাঁচা, মইয়ের অঙটায় লাগানো মাঁচা, ট্রাক মাঁচা ইত্যাদি যা দেয়ালের বাইরে রং করা, ভবনের বাইরে এসিসহ কোন জিনিস স্থাপন করা, ছাদ অথবা দেয়াল মেরামত বা জানালা লাগানো প্রভৃতি কাজে ব্যবহার করা হয়।

বিএনবিসিতে এসব মাঁচা ব্যবহারে বিশেষ কোন নির্দেশনা নেই। কিন্তু এসবের নিরাপদ ব্যবহার এবং এর নিরাপদ কাঠামো সম্বন্ধে পরিষ্কার ধারণা থাকা দরকার।

নির্মাণ ক্ষেত্রের স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত আইএলও'র কোড অব প্রাকটিস থেকে নিম্নোক্ত বিষয়সমূহ উল্লেখ করা হলো (ধারা ৪.৮)।

### ঝুলানো বা ঝুলন্ত মাঁচা

আইএলও কোডে উল্লেখ্য যেঃ

মাঁচার সাধারণ গুণাগুণ যেমন শক্ত, মজবুত এবং পড়ে যাওয়া প্রতিরোধক হওয়া ছাড়াও নিচের বিষয়গুলি বিবেচ্য:

- পাটাতনের ডিজাইন ও নির্মাণ সার্বিকভাবে কাঠামোর স্থায়িত্বের সাথে সুসংগত হতে হবে বিশেষ করে দৈর্ঘ্যের দিক থেকে।
- বাঁধার স্থানের সংখ্যা পাটাতনের আকারের সাথে সুসংগত হতে হবে।
- মাঁচায় বাঁধার ব্যবস্থাপনায় সংযুক্ত হওয়া স্থানসমূহ ছাড়া অতিরিক্ত একটা রশি দ্বারা অন্য কোন স্থানের সংযুক্তির মাধ্যমে শ্রমিকের নিরাপত্তা নিশ্চিত করা উচিত।
- মাঁচায় বাঁধার স্থান এবং অন্যান্য ভার বহন উপাদান সমূহ এমনভাবে ডিজাইন ও নির্মাণ করতে হবে যাতে সেগুলি পর্যাণ্ড মজবুত হয়।



- ঙ) জাতীয় আইন ও বিধি অনুযায়ী উত্তোলনকারী ব্যক্তির জন্য যে নিরাপত্তা ব্যবস্থা থাকার কথা বলা হয়েছে সে অনুযায়ী রশি, কপিকল, পুলি (কপিকলযুক্ত কাঠের গুড়ি) অথবা পুলি বণ্ডকস ডিজাইন, বিভিন্ন যন্ত্রাদির সন্নিবেশন (অ্যাসেমব্লিং), ব্যবহার এবং রক্ষণাবেক্ষণ করতে হবে।
- চ) ব্যবহারের পূর্বে সম্পূর্ণ কাঠামো একজন যোগ্য ব্যক্তি দিয়ে পরীক্ষা করাতে হবে।

তবে ব্যবহারের জন্য প্রস্তুত এমন বুলন্ত মাঁচা কখনও কারো তত্ত্বাবধান ছাড়া ফেলে রাখা যাবে না। এবং যদি এর নিয়ন্ত্রক যন্ত্র মাঁচায় না থাকে এবং মাঁচায় শ্রমিক থাকে তবে এর পরিচালনাকারীকে সেখান থেকে যেতে দেয়া যাবে না।

বুলন্ত মাঁচা ব্যবহার করার সময় নিচের বিষয়গুলি সতর্কতার সাথে মেনে চলতে হবে:

- ৩৮ বিড়ম্বনা দেখা দিলে দ্রুত মাঁচা থেকে নেমে পড়তে হবে।
- ৩৮ মাঁচা পরিচালনাকারীর সাথে চোখাচোখি হওয়া কষ্টসাধ্য হলে যোগাযোগের অন্য কোন পদ্ধতি ব্যবহার করতে হবে।
- ৩৮ বুলন্ত মাঁচায় দাড়িয়ে কর্মরত শ্রমিকদের বিশেষ স্থানে আটকিয়ে শরীর বন্ধনী পরতে হবে।
- ৩৮ নির্দেশিত সর্বাধিক ওজন এর বেশি ওজন কখনো দেয়া যাবে না।
- ৩৮ বুলন্ত মাঁচার নীচের পরিবেশ বেড়া বা কোন ঘের দিয়ে ঘিরে দিতে হবে।
- ৩৮ ৫০কিমি/ঘন্টা অথবা এর বেশী জোরে বাতাস বইলে বুলন্ত মাঁচা ব্যবহার করা যাবে না।

### ভ্রাম্যমান মাঁচা

ভ্রাম্যমান মাঁচার নিচে চাকা থাকায় এটা সহজে এখানেওসেখানে নেয়া যায়। এটা হালকা এবং স্থির মাঁচার চেয়ে কম সুস্থিত।

ভ্রাম্যমান মাঁচা ব্যবহার করতে হলে:

- ৩৮ ভিতর থেকে প্রবেশগম্যতা থাকতে হবে;
- ৩৮ সামগ্রী ও যন্ত্রপাতি রশির সাথে বেঁধে উপরমুখী করে তুলে রাখতে হবে;
- ৩৮ কর্মক্ষেত্র সর্বদা পরিষ্কার রয়েছে তা নিশ্চিত করতে হবে;
- ৩৮ ৫০কিমি/ঘন্টা অথবা এর বেশী জোরে বাতাস প্রবাহিত হলে এ মাঁচা ব্যবহার করা যাবে না;
- ৩৮ নিচের অংশে ঠেলা দিয়ে মাঁচা নিতে হবে এবং পাটাতনের উপর কাউকে রাখা যাবে না;
- ৩৮ ৮ মিটারের বড় হলে এটা এখানে সেখানে সরানো যাবে না। বড় মাঁচার ক্ষেত্রে তা ভেঙ্গে যতক্ষন না এর উচ্চতা ৮মিঃ এর নীচে করা হয়েছে ততক্ষন পর্যন্ত তা সরানো যাবেনা।

## ট্রাক মঁাচা

ট্রাক মঁাচা পাটাতন সম্বলিত একটি উত্তলন যন্ত্রের মাধ্যমে উন্নিত করা যায়। মঁাচা তৈরি করা সম্ভব না হলে বা অন্য কোন কারণ (যেমন সময়ের অভাব বা প্রতিকূল পরিস্থিতি) থাকলে ট্রাক মঁাচা বেশিরভাগ ক্ষেত্রে ব্যবহৃত হয়।

ট্রাক মঁাচা ব্যবহার করতে হলে:

- এটা ব্যবহারের পুস্তিকা এবং নিয়ন্ত্রণের পরিষ্কার নির্দেশনা থাকতে হবে;
- এটা অনুভূমিকভাবে সমতল ভূমির উপর রাখতে হবে;
- শুধু যোগ্য শ্রমিক এটা পরিচালনা করতে পারবে;
- পাটাতন এর উপরের শ্রমিকগণ এ সম্পর্কে পরিষ্কার ধারণা রাখবে;
- এটা পরিচালনার সময় ওয়াকি-টকি ব্যবহার করা বাধ্যতামূলক যাতে করে ২৫মিটারের উচ্চতায় পাটাতনের উপরের শ্রমিকের সাথে যোগাযোগ করা যায়;
- সর্বদা একটা বন্ধনী পড়ে থাকতে হবে যা বুড়িতে দৃঢ়ভাবে বেঁধে রাখতে হবে;
- যখন ট্রাক মঁাচা কার খানাতে এক জায়গা থেকে আরেক জায়গায় সড়ানো হবে, তখন মেঝে পথ নির্দেশকারী দাগ থাকতে হবে। যখন হাতল সমূহ ভাঁজ করা, সম্মুখাংশ অবনত এবং বুড়ি স্বাভাবিক অবস্থায় থাকবে কেবলমাত্র তখনই চাকায়ুক্ত ট্রাক মঁাচা সড়ানো যাবে;
- ট্রাক মঁাচায় নির্দেশিত সর্বোচ্চ ওজন এর বেশি নেয়া যাবে না;
- উত্তোলক যন্ত্র হিসেবে কখনও ট্রাক মঁাচা ব্যবহার করা যাবে না;
- ৫০কিমি/ঘন্টা অথবা এর বেশী জোরে বাতাস প্রবাহিত হলে এ মঁাচা ব্যবহার করা যাবে না।



## অধ্যায় - ১০

### নিরাপদ খনন কাজ

### ভূমিধস প্রতিরোধে ব্যবস্থা

সকল নির্মাণ কাজে মাটি খনন কাজ থাকে (প্রধানত ভীত নির্মাণে এবং নর্দমা বা পয়ঃ-প্রনালী প্রভৃতি নির্মাণে)। প্রতিবছর খনন কাজ করতে গিয়ে বা চলাফেরার সময় অনেক শ্রমিক মারাত্মকভাবে আহত হয় বা মারা যায়। যে গভীরতাই হোকনা কেন সকল খনন কাজই ঝুঁকিপূর্ণ। অনেক শ্রমিক নির্মাণ সামগ্রী বা কোন কিছু ভেঙ্গে পড়ে আহত বা নিহত হয় আবার অনেকে মাটির নিচে বা উপরে বৈদ্যুতিক তারের সংস্পর্শে এসে অথবা তারের উপরে পড়ে আহত বা নিহত হয়। কিন্তু ভূমিধস নির্ভর করে গভীরতা, মাটির প্রকার অথবা বিভিন্ন ধরনের মাটির স্তর থাকলে তাদের প্রকার, তলার সমতা, কম্পন, আদ্রতার উপস্থিতি বৃষ্টি অথবা ভূউপরিস্থ পানির উচ্চ তল, খননের কিণারার নিকটবর্তী কোন স্থানে চাপানো ভার, খননকৃত এলাকা উন্মুক্ত থাকার সময় এবং মাটির পূর্ববর্তী কোন আলোড়নের উপর।

দুর্ঘটনা এড়ানোর জন্য খনন কাজ অবশ্যই পরিকল্পিত উপায়ে হতে হবে। খনন কাজের চারিপাশের ১ মিটারের কম গভীরের মাটিও ভিতরে ধসে পড়তে পারে, যদি তা ঠেস না দিয়ে রাখা হয়। এবং ১ ঘন মিটার মাটির ওজন ১ টনের মতন হতে পারে।

খননের পূর্বে নিচের অবস্থা মোকাবেলায় সতর্কতা অবলম্বন করতে হবে। যেমন-

- পার্শ্ব মাটির ধস;
- ব্যক্তি ও যানবহন গর্তে পড়ে যাওয়া;
- খনন কাজে নিয়োজিত শ্রমিকের ওপর নির্মাণ সামগ্রী পড়া;
- ভূ-অভ্যন্তরস্থ পার্শ্ববর্তী কাঠামোসমূহ;
- ভূ গর্ভস্থ এবং মাটির অনেকটা উপরে নির্মিত সেবা অবকাঠামো সমূহ;
- নিকটবর্তী কাঠামো দুর্বল হওয়া এবং
- ভূগর্ভস্থ ও ভূউপরস্থ পানি অন্তঃপ্রবাহ।

উপরোক্ত অবস্থায় খনন কাজ শুরুর পূর্বে নির্মাণ এলাকায় প্রয়োজনীয় উপকরণের পর্যাপ্ত ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

#### পার্শ্ব ধস প্রতিরোধ

মাটি খননের সময়, পার্শ্ব ধস প্রতিরোধের দু'টি উপায় আছে। প্রথম উপায় - গর্তের চারিদিকে পাত বা অন্যান্য ঠেক দিয়ে ঠেস দেয়া। দেরি না করে খনন কাজ এর অগ্রগতির সাথে সাথে এগুলি স্থাপন করতে হবে। ঠেস দেয়ার পূর্বে কখনও কাজ চালিয়ে যাওয়া যাবে না। কাজসমূহ একজন যোগ্য তত্ত্বাবধায়ক কর্তৃক নির্দেশিত হতে হবে যে শ্রমিকদের পরিষ্কারভাবে নির্দেশনা প্রদান করবে। দ্বিতীয় উপায় হতে পারে - পার্শ্ব সমূহকে ঢালু করে কাটা। গর্তের পার্শ্বসমূহ পিছনের দিকে কাত করে কাটা ধস প্রতিরোধের সহজ ও গ্রহনযোগ্য উপায়। যদি মাটি ভিজা হয়, তবে ঢাল বেশি চেপ্টা হতে হবে।

বিএনবিসি অধ্যায় ৬, অনুচ্ছেদ ৩.১২.১.৩(ক) এ উল্লেখ্য যে,

এ পদক্ষেপগুলো একমাত্র ১.৫ মিটারের অধিক খনন কাজের জন্য প্রয়োজন-তবে সাধারণত ১.২ মিটার খনন কাজেও এ পদ্ধতি যথাযথ হিসেবে বিবেচিত হয়।

“শিলাখণ্ডে খননকাজ ব্যতীত সকল খনন কাজের পার্শ্ব সমূহ, এর সাথে সম্পৃক্ত বা এ নির্মাণ হতে উদ্ধৃত বাঁধ সমূহ যদি পার্শ্ববর্তী ভূমি হতে ১.৫ মিটার বা তার অধিক গভীরতার হয় তবে তা শোরিং, ব্রেসিং এবং সিট-পাইল বা অন্যান্য ঠেস প্রদানকারী কাঠামো দ্বারা ঠেস দিয়ে রাখতে হবে। বিকল্পরূপে, খননকৃত ঢাল সমূহ ১:১ অনুপাতের চেয়ে বেশি খাড়া হবে না অথবা এমন ভাবে ধাপ করা যাতে গড় ঢাল ৪৫ ডিগ্রির বেশী খাড়া হয় না এবং ১.৫ মিটারের অধিক উচ্চতার কোন ধাপ না থাকে। এবং এই ঢাল ভূগর্ভস্থ কাঠামোসহ কোন কাঠামোর জন্য ক্ষতির কারণ না হয়।

#### খননকৃত গর্তে পড়ে যাওয়া প্রতিরোধ

খননকৃত গর্তে যাতে কেউ পড়ে না যায় তা প্রতিরোধ করতে হবে। প্রতিবন্ধক বেড়া বা টো-বোর্ডের মত প্রতিরোধক খনন গর্তের কিনারায় দিয়ে যেকোন ব্যক্তির পড়ে যাওয়া প্রতিরোধ করতে হবে। এগুলি ঠেস সম্বলিত খনন কৃত গর্তের অদূরে মাটিতে গেড়ে দেয়া যাবে, অথবা সংযোগকৃত প্রতিবন্ধক বেড়ার অংশসমূহ গর্তের ধারের সাথে সংযোগ দিয়ে দেয়া যাবে।

সকল খননকৃত এলাকা বেড়া দিয়ে ঘিরে রাখতে হবে যাতে শ্রমিক পড়ে না যায়। অংশ ৬ এর অনুচ্ছেদ ৩.১২.১.৩(খ) এ উল্লেখ্য যে:

“একটি খননের উন্মুক্ত ধার বরাবর একটি নিরাপত্তা বেড়া অথবা কমপক্ষে ১ মিটার উচ্চতার শক্ত বেড়া দিতে হবে। এগুলো শুধুমাত্র তখনই বাদ দেয়া যাবে যখন কোন খনন কাজের সাথে সংযুক্ত এলাকায় প্রবেশে বাঁধা থাকে অথবা যেখানে খননকার্যের পার্শ্ব ঢাল ১ঃ৩ অনুপাতে অথবা আরো সমতল হয়।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.২.১১ এ উল্লেখ্য যেঃ

“খনন ও পাইলিং এলাকার চারিদিকে বেড়া দিয়ে ঘেরা থাকবে। বিনা অনুমতিতে উক্ত এলাকায় প্রবেশ করা যাবে না। উক্ত এলাকায় পর্যাপ্ত পরিমাণে বিজ্ঞপ্তি ফলক, বিপদ সংকেত, ফ্ল্যাশিং আলো প্রভৃতি প্রদান করতে হবে।”

অনুচ্ছেদ ৩.২.১ এ বলা হয়েছে:

“কিছুকাল বিরতি দিয়ে দিয়ে নির্মাণ এলাকায় খনন কাজ করা যাবে না। যদি এরকম খনন প্রক্রিয়া পরিহার করা না যায় তাহলে ধারা ৩.২.১১ অনুযায়ী খননকৃত এলাকা যথাযথভাবে বেড়া দিয়ে ঘিরে রাখতে হবে এবং প্রয়োজনীয় সতর্ক সংকেত ব্যবহার করতে হবে। মাঝ পথে বাধাগ্রস্ত বা সাময়িকভাবে স্থগিত নির্মাণের খনন হয় ভরাট করে ফেলতে হবে অথবা তা ঘিরে রাখতে হবে।”

#### নির্মাণ সামগ্রী পড়া প্রতিরোধ

খননকৃত গর্তের কিণারায় উদগত মাটি, কোন যন্ত্রপাতি, মোটরযান, মাটি সরানোর যন্ত্র, এবং অন্যান্য সামগ্রী রাখা যাবে না। মাটি সরানোর যন্ত্র, মোটরযান এর অতিরিক্ত ভার খননকৃত গর্তে ধসের সৃষ্টি করতে পারে। আলগা বস্তুসমূহ একেজো বস্তুর স্তূপ থেকে গর্তের ভিতর পড়তে পারে।

বিএনবিসি অংশ ৭, অনুচ্ছেদ ৩.২.২ এ উল্লেখ্য যেঃ

“ভারী যন্ত্রপাতি, যেমন খনন মেশিন, খননকৃত গর্ত থেকে দূরে রাখতে হবে এবং এ দূরত্ব কমপক্ষে গর্তের গভীরতার সমান এবং সর্বোচ্চ ৬ মিটার হতে হবে। খনন কাজে ব্যবহৃত সকল যন্ত্রপাতি গর্তের কিণারা থেকে অনেক দূরে সরিয়ে রাখতে হবে।”



বিএনবিসি অংশ ৭, অনুচ্ছেদ ৩.২.৩ এ উল্লেখ্য যেঃ

“খননকৃত গর্তের/পরিখার পাশে নিকটস্থ ভবন, কাঠের স্ক্রুপ, পাথর গুড়া, বালি ও অন্যান্য নির্মাণ সামগ্রী, বড় গাছ প্রভৃতি অতিরিক্ত চাপ সৃষ্টি করতে পারে যার ফলে জায়গাটা স্ফিত হওয়া, ধ্বসে যাওয়া প্রভৃতি ঘটতে পারে। এক্ষেত্রে পরিখা/গর্তের পাশগুলোকে ঠেকানোর জন্য বাড়তি নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। সম্ভব হলে খনন কাজ শুরু করার আগেই এ সমস্ত ঝুঁকিপূর্ণ উপাদান বা জিনিসপত্র সরিয়ে ফেলতে হবে।”

বিএনবিসি অংশ ৬, অনুচ্ছেদ ৩.১২.১.৩(গ) এ উল্লেখ্য যেঃ

“খননের ফলে উত্তোলিত পদার্থ এবং চাপানো ভার যেমন সরঞ্জামের ট্রাক ইত্যাদি খননকাজের ধার হতে গভীরতার দেড় গুন দূরে রাখতে হবে, যদি না খননকাজ শিলাখন্ডের মধ্যে অথবা ধারগুলি ঢালু করা না থাকে কিংবা পার্শ্বসমূহ সিট পাইল দিয়ে ঠেস দেয়া না থাকে এবং ঠেকো দিয়ে পার্শ্বভারের জন্য পার্শ্বচাপ প্রতিরোধের ব্যবস্থা না করা থাকে।”

### নিরাপদ প্রবেশ

খননকৃত গর্তে নিরাপদে প্রবেশ ও তা থেকে বের হওয়া নিশ্চিত করতে হবে। এটা মইয়ের মাধ্যমে হতে পারে কিন্তু তা যথাযথ ও পর্যাপ্ত শক্ত হতে হবে। পিছলিয়ে না যায় এমন ভাবে শক্ত ভূমির ওপর আটকানো থাকতে হবে এবং যদি একটি গ্রহন যোগ্য বিকল্প হাতলের ব্যবস্থা না থাকে তবে মইটি অবতরণ ভূমির উপরের দিকে কমপক্ষে ১ মিটার বর্ধিত থাকতে হবে।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.২.৯ এ উল্লেখ্য যেঃ

“১.৫ মিটারের চেয়ে অধিক গভীর খনন কাজের জন্য মই, ঢালুপথ বা অন্য কোন উপায়ে বের হয়ে আসা ও মাঁচার ব্যবস্থা থাকতে হবে।”

### নিকটবর্তী কাঠামোকে অবহেলা না করা

কোন মাঁচা, বা ভিত্তি খনন কাজের ফলে দুর্বল হয়ে না যায় এটা নিশ্চিত করতে হবে। অনেক সীমানা প্রাচীরের ভিত্তি অগভীর থাকে যার ফলে পরিখা খননের কারণে তা সহজেই দুর্বল হয়ে যেতে পারে, ফলে দেয়াল পরিখায় কর্মরত শ্রমিকদের ওপর পড়ে যেতে পারে। এজন্য খনন কাজ শুরু করার পূর্বে ঠেস লাগানোর দরকার আছে কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে। এক্ষেত্রে ভিত্তি জরিপ ও একজন কাঠামো প্রকৌশলীর মতামত প্রয়োজন হবে।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.২.১২ এ বলা হয়েছে:

“যেক্ষেত্রে কোন পুরাতন স্থাপনার খুব নিকটে কোন বোরড বা ড্রাইভিং পাইলিং এর কাজ হয় যারফলে উক্ত স্থাপনার ক্ষতি হবার আশংকা থাকে সেক্ষেত্রে যখন পাইলিং এর কাজ চলতে থাকে তখন এসব স্থাপনার আচরণ পর্যবেক্ষণ করার জন্য এগুলির গায়ে সম্ভাব্য প্রভাব সম্পর্কে বিস্তারিত তথ্য স্টেটে দিতে হবে এবং যে কোন বৈরী প্রভাবের বিরুদ্ধে সময়মত সতর্কতা গ্রহণ করতে হবে।

নতুন কোন স্থাপনা তৈরীর পূর্বে প্রয়োজনে নির্মাণ এলাকায় বা তৎসংলগ্ন এলাকাসমূহের সাধারণ স্থায়ীত্ব বৃদ্ধির জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। সবক্ষেত্রেই ঢাল ও ভিত্তি খননের স্থায়ীত্ব এর সম্ভাব্য প্রভাব সতর্কতার সাথে পর্যবেক্ষণ করতে হবে।”

সকল পাইল এবং গভীর ভীতের কার্যক্রম একজন যোগ্য ফোরম্যান দ্বারা তত্তাবধান করতে হবে। তিনি সতর্কতামূলক ব্যবস্থাদি নেওয়ার ব্যাপারে দায়িত্ব প্রাপ্ত হবেন।

## তত্ত্বাবধান

বিপদ ও প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়গুলি সম্পূর্ণভাবে বোঝা এমন যোগ্য ব্যক্তি প্রত্যেক পালার শুরুতে তা তত্ত্বাবধান করবে। বিশেষ করে কিনারায় ঠেস লাগানো বা পেটানো (battered down) খননকৃত গর্ত পরিদর্শনের জন্য ওই ব্যক্তিকে দায়িত্ব নিতে হবে। আদর্শগতভাবে, কোন খনন কাজ শুরুর পূর্বে; কোন কিছুতে স্থায়িত্ব ক্ষতিগ্রস্ত হলে; দুর্ঘটনাবশত: কোন পাথরখন্ড, মাটি অথবা কোন দ্রব্য পড়ে কোন দুর্ঘটনার পর পরিদর্শন করা উচিত।

বিএনবিসি, অনুচ্ছেদ ৩.২.৯

“সকল পাইলিং এবং গভীরে ভিত্তি স্থাপনের কাজ দক্ষ ফোরম্যান দিয়ে তত্ত্বাবধান করতে হবে। যেসব সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে সে বিষয়েও তিনি দায়ী থাকবেন।”

## মাটির নিচের সার্ভিস লাইন পরীক্ষা করা

মাটির নিচের বিভিন্ন সার্ভিস লাইন থেকে কোন দুর্ঘটনার ঝুঁকি রয়েছে কিনা তা পরীক্ষা না করে খনন কাজ শুরু করা যাবে না। বিশেষ করে বৈদ্যুতিক তারের সাথে সংস্পর্শ ওই এলাকায় বিস্ফোরণ ঘটাতে পারে বা অগ্নিকাণ্ডের কারণ হতে পারে। লাইন থেকে উদগিরিত গ্যাস বিস্ফোরণ বা অগ্নিকাণ্ডের কারণ হয়ে মারাত্মক আহত বা সম্পত্তির ক্ষতি হতে পারে।

বেশি ভোল্টেজ বহনকৃত পোতা বৈদ্যুতিক তার দুর্ঘটনা ঘটিয়ে ব্যাপক হতাহতের কারণ হতে পারে। যখন কোন গ্যাস পাইপ ক্ষতিগ্রস্ত হয়, লাইন থেকে উদগৃত গ্যাস বিস্ফোরণ বা অগ্নিকাণ্ডের কারণ হয়ে মারাত্মক আহত বা সম্পত্তির ক্ষতি করতে পারে।

সরাসরি উপরে না করে কোন সেবালাইনের পাশ বরাবর খননকাজের চেষ্টা করা উচিত। হস্ত ব্যবহৃত সরঞ্জামাদিতে প্রয়োগকৃত বল কার্যতভাবে নিয়ন্ত্রণ করা যায় বলে কোন সেবালাইন খননের ক্ষেত্রে অনুভূমিক খননে সুবিধাজনক। যান্ত্রিক খননযন্ত্র এবং শক্তিশালিত সরঞ্জাম সেবালাইনের চিহ্নিত লাইন বরাবর ব্যবহার করা উচিত নয়।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.২.১২ এ বলা হয়েছে:

“খনন বা পাইল ড্রাইভিং এর পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে উক্ত এলাকার ভূঅভ্যন্তরস্থ পানি, বিদ্যুৎ, গ্যাস ইত্যাদি সেবাসমূহের সংযোগ সম্পর্কে তথ্য সংগ্রহ করতে হবে। পাইল ড্রাইভিংয়ের ফলে পার্শ্ববর্তী স্থাপনা বা সার্ভিস লাইনসমূহে সৃষ্ট সব ধরনের ক্ষতির সম্ভাব্য মাত্রা সম্পর্কে কার্যক্রম শুরু করার আগে নিশ্চিত হতে হবে; তদানুসারে পাইল ড্রাইভিংয়ের পরিকল্পনা গ্রহণ করতে হবে। বর্তমানে ভূমিতে রয়েছে এরূপ নর্দমা বরাবর খনন কাজ করার ক্ষেত্রে সতর্কতার সাথে উক্ত নর্দমার গতিপথ পরিবর্তন করে ভূঅভ্যন্তরস্থ নর্দমার সাথে সংযুক্ত করে দিতে হবে।”



## অধ্যায় - ১১

### নিরাপদ বৈদ্যুতিক কাজ

নির্মাণ কাজে বৈদ্যুতিক শক্তি চালিত যন্ত্রপাতি ব্যবহার অনেক ঝুঁকি বয়ে নিয়ে আসে। বৈদ্যুতিক ঝুঁকি অন্যান্য ঝুঁকি থেকে অনেকটা আলাদা কারণ এটা মানুষের ইন্দ্রিয়তে পূর্ব কোন সতর্ক সংকেত দেয় না। বড় বড় বৈদ্যুতিক কারণে বড় বড় দুর্ঘটনার ফলে মানুষের দেহে বৈদ্যুতিক শক এবং পুড়ে যাওয়ার ঘটনা ঘটে। দেখা যায় যে, প্রতি ৩০ টি বৈদ্যুতিক দুর্ঘটনার মধ্যে ১টি অতি মারাত্মক ধরনের হয়।

শ্রমিকগণ বৈদ্যুতিক শক ও পোড়ায় আক্রান্ত হন যা তাদের গুরুতর এবং কখনো কখনো মারাত্মকভাবে আহত করতে পারে। এই ধরনের বৈদ্যুতিক ঝুঁকি ফলে শ্রমিকগণ মই, মাঁচা বা অন্যান্য স্থান হতে পড়ে যেতে পারে, যার ফলে আরো বেশী আহত হতে পারে। বাংলাদেশে প্রতি বছর বৈদ্যুতিক দুর্ঘটনায় বহু নির্মাণ শ্রমিক মারা যায় বা আহত হয়। ২০০৭ থেকে ২০০৯ পর্যন্ত দৈনিক খবর কাগজের প্রতিবেদন অনুযায়ী ১০০ শ্রমিক বৈদ্যুতিক দুর্ঘটনায় মারা যায় যা ভবন নির্মাণ ক্ষেত্রে মৃত্যুর হারের ৩২ শতাংশ।

নির্মাণ এলাকায় নিরাপদ বিদ্যুতের ব্যবহার একটি বড় চ্যালেঞ্জ। এটি নিম্নোক্ত সমস্যাগুলি তুলে ধরে:

- বেশীর ভাগ কাজ সকল ঋতুতে বাহিরে করা হয়। বর্ষাকালে ভেজা পরিবেশ বিদ্যুৎস্পৃষ্টের ঝুঁকি বাড়ায়।
- নির্মাণ সাইটে সর্বদা পরিবর্তন ঘটতে থাকে। কেননা কাজ এর অগ্রগতি, খনন, ভেঙ্গে ফেলার কাজ এবং নিয়মিত নির্মাণ কাজ বিদ্যমান বা সাময়িক বৈদ্যুতিক লাইনকে ক্ষতিগ্রস্ত করতে পারে।
- ভারী যন্ত্রপাতি ও নির্মাণ সামগ্রী নাড়াচাড়া এবং জায়গার অভাবের কারণে বৈদ্যুতিক লাইন বা যন্ত্রপাতি ক্ষতিগ্রস্ত হতে পারে। এছাড়া কোন লাইন এ বিদ্যুত আছে এবং কোন লাইনে নেই তা বোঝা যায় না।
- কন্ট্রোলারের অধীনে কর্মরত শ্রমিকগণ বেশিরভাগ ক্ষেত্রেই অস্থায়ী বৈদ্যুতিক লাইন ব্যবহার করে। কিছু কন্ট্রোলার তাদের নিজস্ব যন্ত্রপাতি দেয় বা অন্যের যন্ত্রপাতি ব্যবহার করে।

#### অনুমতি

বিএনবিসি অনুচ্ছেদ ১.৩.২ এ উল্লেখ্য যে,

"বিদ্যুত...ব্যবহারের জন্য কোন নির্মাণ কাজ শুরু করার আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে বিশেষ অনুমতি নিতে হবে।"

#### বৈদ্যুতিক তারের নিকটে কাজ করা

বাংলাদেশে নির্মাণ এলাকায় যত শ্রমিক বিদ্যুতস্পৃষ্ট হয়ে মারা যায় তার বেশিরভাগ দুর্ঘটনা ঘটে হাতের রড মাথার ওপর দিয়ে বা পাশ দিয়ে বয়ে যাওয়া বৈদ্যুতিক তার এর সাথে সংস্পর্শের কারণে।

নির্মাণ সাইটের পাশ দিয়ে কোন বৈদ্যুতিক লাইন গেলে এসব লাইন বিকল্পভাবে অন্যদিক দিয়ে টানতে হবে বা সংযোগ বিছিন্ন রাখতে হবে। কিন্তু যেখানে এসব ব্যবস্থা নেয়া যায়না সেখানে অন্য কোন পূর্বসতর্কতামূলক ব্যবস্থা নিতে হবে যাতে তারের সাথে সংস্পর্শ না হয় বা ব্যাঘাত না ঘটে।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৯.১ এ উল্লেখ্য যে,

"কোন অনাবৃত সক্রিয় বৈদ্যুতিক তারের ৩ মিটারের মধ্যে কোন মাঁচা, মই, কাজের পাটাতন, গ্যাঙওয়ে, রানওয়ে ইত্যাদি স্থাপন করা যাবে না।"

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৪.২.২ এ উল্লেখ্য যে,

“ধাতব নির্মিত মই বৈদ্যুতিক যন্ত্রপাতি বা সার্কিটের কাছাকাছি ব্যবহার করা যাবে না। এগুলো অবশ্যই ‘বৈদ্যুতিক যন্ত্রের কাছাকাছি ব্যবহারের জন্য নয়’ এরূপ সতর্কীকরণ সংকেত দ্বারা চিহ্নিত হতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.৭ এ উল্লেখ্য যে,

“ধাতব পাইপ এবং অন্যান্য বিদ্যুৎ পরিবাহী উপকরণসমূহ স্তত্বীকরণ বা নাড়াচাড়া করার ক্ষেত্রে মাথার উপরে বয়ে যাওয়া বৈদ্যুতিক লাইন থেকে নিম্নোল্লিখিত ন্যূনতম লম্বালম্বি নিরাপদ দূরত্ব বজায় রাখতে হবে।

১১ কেভি এবং তার নিচে	২.৫ মি.
১১ কেভির উপরে কিন্তু ৩৩ কেভির নিচে	৩.৫ মি.
৩৩ কেভির উপরে কিন্তু ১৩২ কেভি নিচে	৪.৪ মি.
১৩২ কে. ভি. উপরে কিন্তু ২৩০ কে. ভি. নিচে	৫.৪ মি.”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১.৩ এ উল্লেখ্য যে,

“ঝুঁকিপূর্ণ এলাকা নির্দেশ করার জন্য প্রয়োজনানুযায়ী সতর্ক সংকেত যেমনট উচ্চ ভোল্টেজ এলাকা, ধূমপান মুক্ত এলাকা ... ইত্যাদি প্রদর্শন করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৯.২ এ উল্লেখ্য যে,

“যেসব তার ও সিগনাল কর্ড যা কার্য্য এলাকা দিয়ে গেছে বা কার্য্য এলাকা অতিক্রম করেছে সেসব তার ও সিগনাল কর্ডে গার্ড প্রদান করতে হবে। ভূগর্ভে বা মাথার উপরে যদি কোন তার থাকে তাহলে সেগুলোর অবস্থান চিহ্নিত করতে হবে এবং সেগুলো যথাযথভাবে গার্ড প্রদান করার পর কোন মাচা, উত্তোলক ইত্যাদি স্থাপন করতে হবে।

এ জাতীয় তারকে সুরক্ষা প্রদানের সঠিক পদ্ধতি নির্ধারণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে পরামর্শ করতে হবে। সকল ঝুঁকি এড়ানোর জন্য যথাযথ দূরত্ব রক্ষা করতে হবে। ভবিষ্যতের নির্দেশনা ও ব্যবহারের জন্য তার, বিশেষ করে ভূগর্ভস্থ তারসমূহের গমনপথ চিহ্নিত করতে হবে।”

#### কম ভোল্টেজ এর ব্যবহার

বৈদ্যুতিক শক প্লাগ, তার ও অন্যান্য সরঞ্জামের জন্য ক্ষতির কারণ হতে পারে। কোন বৈদ্যুতিক ত্রুটির সময় হতাহতের ঝুঁকি কমাতে কম ভোল্টের যন্ত্রপাতি ও সরঞ্জাম ব্যবহার করতে হবে। অর্থাৎ দুর্ঘটনার ঝুঁকি কমাতে প্রয়োজন অনুযায়ী ভোল্টেজ ব্যবহার করাই উত্তম।

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১.৩ এ উল্লেখ্য যে,

“হাত বাতির (hand lamp) ভোল্টেজ কম হতে হবে, ২৪ ভোল্ট হলে ভাল।”

#### ডাবল আর্থিং

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১.৩ এ উল্লেখ্য যে,

“যেসব হ্যান্ড টুলস বিদ্যুতের সাহায্যে চালানো হয় তা অবশ্যই ডাবল আর্থিং (Earthing) সম্পন্ন হতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.১৬ এ উল্লেখ্য যে,

“রং এর গুদামে অস্থায়ী বৈদ্যুতিক তার ও ফিটিংস স্থাপন করা যাবে না। যখন একই কক্ষ বৈদ্যুতিক লাইট, সুইচ বা বৈদ্যুতিক সরঞ্জামাদি মজুত করা বা একই কক্ষ ব্যবহার করা দরকার হবে তখন এ কক্ষ এমনভাবে ডিজাইন করতে হবে যাতে বিস্ফোরণের ঝুঁকি এড়ানো যায়।”



বিএনবিসি অনুচ্ছেদ ৩.৯.৬ এ উল্লেখ্য যে,

“ওয়েল্ডিং মেশিনে ডাবল আর্থিং প্রদান করতে হবে।”

#### ওয়ারিং

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৯.১ এ উল্লেখ্য যে,

“মেঝেতে স্থাপিত সকল বৈদ্যুতিক তার যার ওপর দিয়ে যাতায়াত করা বা পারাপার করা দরকার হতে পারে সেগুলোতে যথাযথ সুরক্ষা ব্যবস্থা প্রদান করতে হবে। সকল নমনীয় তারের সংযোগগুলোর বৈদ্যুতিক উপকরণাদি যতদূর সম্ভব নমনীয় ধাতবের খোল দিয়ে ঘিরে রাখতে হবে। কোন স্থায়ী বা অস্থায়ী বৈদ্যুতিক সংযোগের জন্য নিরাভরণ তার ও ঘসায় ঘসায় ক্ষয়ে যায় এরূপ তার ব্যবহার করা যাবে না।”

#### বৈদ্যুতিক যন্ত্রপাতি পরীক্ষা

নির্মাণ ক্ষেত্রের নিরাপত্তা, স্বাস্থ্য ও কল্যাণ সম্পর্কিত আইএলও’র প্রশিক্ষণ ম্যানুয়াল এর অনুচ্ছেদ ১০.৪.৪ এ বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহারের আগে যেসব ব্যবস্থা গ্রহণ করতে হবে সে সম্পর্কে বলা হয়েছে যে:

- কোন ট্রাফি আছে কি না তা পরীক্ষা করা;
- সঠিক প্লাগ ও ফিউজ স্থাপন করা হয়েছে কি না তা পরীক্ষা করা এবং কোন অবস্থাতেই যন্ত্রপাতিতে বা প্লাগে খোলা তার সকেটে ঢুকিয়ে হাতে তৈরী অস্থায়ী কানেকসন না দেয়া ;
- ইনসুলেসন তার ছেড়া বা ভাঙ্গা আছে কি না তা পরীক্ষা করা;
- আর্থিন সিস্টেমের প্রতিটি জয়েন্টে ভালভাবে বৈদ্যুতিক সংযোগ দেয়া হয়েছে কি না তা পরীক্ষা করা।

#### বৈদ্যুতিক শক

শরীরের ভিতর দিয়ে কত বেগে বিদ্যুৎ প্রবাহিত হচ্ছে এবং কতক্ষণ ধরে প্রবাহিত হচ্ছে তার সাথে বৈদ্যুতিক শকের ভয়াবহতা সরাসরিভাবে নির্ভরশীল। আইএলও’র প্রশিক্ষণ ম্যানুয়ালের অনুচ্ছেদ ১০.৪.১ অনুযায়ী বৈদ্যুতি শকের কারণসমূহ হচ্ছে:

- মাটির উপর বা নীচের তার প্লাগ থেকে বিচ্ছিন্ন হয়ে চলন্ত কোন বৈদ্যুতিক বর্তনীর সংযোগস্থলে স্পর্শ করার ফলে দাতব কাঠামো বিদ্যুতায়িত হওয়া;
- প্লাগ বা যন্ত্রপাতিতে ভুলভাবে সংযোগ প্রদান;
- ফিউজ এবং টার্মিনাল বক্স অথবা সকেট আউটলেটে নষ্ট বা কভার না থাকার ফলে বিদ্যুৎপরিবাহী দ্রব্যাদির সংস্পর্শে আসা;
- উপরিভাগ ধারালো এরূপ কোন কিছুর ওপর দিয়ে ফ্লেক্সিবল ক্যাবল টানা হলে ক্যাবল ক্ষতিগ্রস্ত হয়ে;
- শুধু ইনসুলেটিং টেপ দ্বারা অস্থায়ী আবাসস্থলের ফ্লেক্সিবল ক্যাবল মেরামত করা।

## অধ্যায় - ১২

### অন্যান্য ব্যবস্থা

#### টিলেঢালা পোষাক নয়

বিএনবিসি-এ অনুচ্ছেদ ৩.১০.৩.২-এ উল্লেখ্য যে

“শ্রমিকদের পরনের পোষাকের ধরন ও দ্রব্য এমন ধরনের হবে না যা তাদেরকে ও অন্যদের আহত করতে সুযোগ করে দেয়। টিলেঢালা পোষাক পরিধান কঠোরভাবে পরিত্যাগ করতে হবে।”

#### আলোর ব্যবস্থা

কার্য ক্ষেত্রের সকল এলাকা, যতদূর সম্ভব, প্রাকৃতিক আলোয় আলোকিত থাকতে হবে যাতে লোকেরা তাদের কর্মক্ষেত্র ভালভাবে দেখতে পায় এবং নিরাপদে চলাচল করতে পারে। দিনের আলোয় অথবা বৈদ্যুতিক আলোয় উভয় ক্ষেত্রেই ছায়া কার্য এলাকায় অজ্ঞাত বিপদ আনতে পারে (যেমন ঘূর্ণায়মান চাকা, করাত অথবা ছিন্ন করনের যন্ত্রের বিট ইত্যাদি দেখা কষ্টসাধ্য হতে পারে) এবং সাধারণত নির্মাণ এলাকায় (যেমন- সিন্ডি ঘর) কৃত্রিম আলোয় যথেষ্ট উজ্জ্বল থাকতে হবে বিশেষ করে রাতের বেলায় কাজ করার জন্য। প্রয়োজনে ছায়া এলাকায় আলোকিত করার জন্য অতিরিক্ত আলোর ব্যবস্থা করতে হবে। অধিকন্তু, জরুরী নির্গমন পথ (করিডোর, নির্গমন পথ ইত্যাদি যা বিপদের হাত হতে বাঁচার জন্য আপদকালীন সময়ে লোকজন অবশ্যই ব্যবহার করবে) এবং যেখানে শ্রমিকগণ কর্মরত থাকে তা ভালভাবে আলোকিত রাখতে হবে। যেখানে দিনের আলো যথাযথ আলো দেয় সেখানে অতিরিক্ত কিছুর প্রয়োজন নাই।

আইএলওর প্রশিক্ষণ পুস্তিকা পরামর্শ দেয় যে-

- প্রত্যেক কার্য এলাকায় এবং যেখানে শ্রমিক দ্বারা কাজ করা হবে সেখানে প্রাকৃতিক আলো নিরাপদ ভাবে কাজ করার জন্য পর্যাপ্ত ও উপযোগী না হলে এবং যেখানে প্রয়োজ্য সেখানে বহনযোগ্য আলোর ব্যবস্থা করতে হবে।
- কৃত্রিম আলো যথাসম্ভব বাস্তবসম্মত হতে হবে যাতে চোখ ঝাঁঝানো আলো বা বিরক্তিকর ছায়া তৈরী না করে।
- বিপদ এড়ানোর জন্য যেখানে প্রয়োজ্য সেখানে সতর্কীকরণ বাতি দুর্ঘটনায় যাতে ভেঙ্গে না যায় তার ব্যবস্থা করতে হবে।
- বহনযোগ্য বাতির তার পর্যাপ্ত আকারের হতে হবে, বৈদ্যুতিক শক্তি চাহিদা মাফিক মানের হতে হবে, এমন শক্ত হবে যে নির্মাণ কার্য ক্ষেত্রের সকল কঠিন অবস্থাকে মানিয়ে তা টিকে থাকতে পারে।

বিএলএ ৫৭ ধারায় উল্লেখ্য যে-

“১। কোন প্রতিষ্ঠানের প্রত্যেক অংশে, যেখানে শ্রমিকগণ কাজ করেন বা যাতায়াত করেন, যথেষ্ট স্বাভাবিক বা কৃত্রিম বা উভয়বিধ আলোর ব্যবস্থা করতে হবে।”

বিএনবিসি ৩.২.৯ অনুচ্ছেদ -এ উল্লেখ্য যে, পাইলিং ও গভীর ভীতের ক্ষেত্রে:

“রাত্রি বেলায় কমপক্ষে ১০০ লাক্স প্রদেয় বাতি কার্য এলাকায় থাকতে হবে।”

#### সেইফটি রেকর্ড বুক

বিএলএ ধারা ৯০ এ উল্লেখ্য যে-

“পাঁচশ জনের অধিক শ্রমিক সম্বলিত প্রত্যেক কারাখানা/প্রতিষ্ঠানে নির্ধারিত পদ্ধতিতে বাধ্যতামূলক সেইফটি রেকর্ড বুক ও সেইটি বোর্ড সংরক্ষণ করতে হবে।”



বিএনবিসি অনুচ্ছেদ ৩.১০.৩.৪ এ উল্লেখ্য যে,

“দুর্ঘটনা, জখম ও প্রাথমিক চিকিৎসা সম্পর্কিত সকল প্রাসঙ্গিক আইন ও বিজ্ঞপ্তি’র একটি কপি কর্ম এলাকায় ভালভাবে প্রদর্শন করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ১.২.৪ এ উল্লেখ্য যে,

“সকল দুর্ঘটনা এবং দুর্ঘটনা পরবর্তী কার্যক্রম সম্পর্কে একটি প্রতিবেদন/তথ্য প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকারী সংরক্ষণ করবে এবং যথাযথ কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক তা সরবরাহ করবে।

### জীবনরক্ষাকারী দড়ি

বিএনবিসি অনুচ্ছেদ ২.২.১ এ উল্লেখ্য যে,

“কোন শ্রমিক যখন কোন উদ্দেশ্যে গুদাম এবং ময়লা ফেলার বিনে প্রবেশ করবে, তখন সে শ্রমিক জরুরী সংকেত প্রদান করতে পারে এরূপ দড়ি বা রশি ব্যবহার করবে এবং অন্য একজন শ্রমিক বাইরে দাঁড়িয়ে তাকে এই কাজে সাহায্য করবে। এ ধরনের কার্যক্রম চলাকালে দড়ি শরীরে বাঁধা অবস্থায় থাকবে।”

### যন্ত্রপাতি ঘিরে রাখা/নিরাপত্তা

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৩.২ এ পাইল রিগের ক্ষেত্রে উল্লেখ্য যে:

“অনাবৃত গিয়ার, ফ্লাই হুইল (flywheel) ইত্যাদি সম্পূর্ণভাবে বেড়া দিয়ে ঘিরে রাখতে হবে। মটর গিয়ারিং, ট্রান্সমিশন, ইলেকট্রিক্যাল ওয়্যারিং ও ভার উত্তোলনকারী মেশিনের অন্যান্য যন্ত্রাংশ যা ঝুঁকির উৎস হিসেবে বিবেচিত তাতে যথাযথ নিরাপত্তা বেটনী থাকতে হবে। শক্তিশালিত বৈদ্যুতিক যন্ত্রপাতি পরিচালনার ক্ষেত্রে বিদ্যুৎ অপরিবাহী তলাচি/ম্যাট এবং পরিধেয় পোশাক যেমন গেণ্ডাবস ব্যবহার করতে হবে। পাইল ড্রাইভারের উপরের মুঠি (sheaves on pile driver) এমনভাবে বেটনী দ্বারা আবদ্ধ করে রাখতে হবে যাতে শ্রমিকরা আকস্মিকভাবে তার উপর হতে পড়তে না পারে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৬.৩ এ কনক্রিট মিস্ত্রার সম্পর্কে উল্লেখ্য যে,

“মিস্ত্রার প্লান্টের সকল গীয়ার, চেইন ও রোলারে গার্ড থাকতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৯.৪ এ উল্লেখ্য যে,

“প্রতিটি ঘূর্ণায়মান যন্ত্রাংশ বা প্রধান ঘূর্ণায়নকারী এবং বৈদ্যুতিক জেনারেটর, মটর, ও রোটারী কনভার্টরের প্রতিটি যন্ত্রাংশ নিরাপদভাবে ঢাকানা বা বেড়া দিয়ে ঘিরে রাখতে হবে। এ বেড়াগুলো মজবুতভাবে নির্মাণ করতে হবে, ভালভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে যাতে এর কর্মক্ষমতা নষ্ট না হয় এবং মেশিন চলমান অবস্থায় এগুলো নির্দিষ্ট স্থানে থাকতে হবে।”

অনেক নির্মাণ যন্ত্রপাতি সচরাচর কোন কিছুর সাথে আটকিয়ে বা নিপ পয়েন্টের মাধ্যমে চালানো হয় যেখানে এক অংশ আর এক অংশের ওপর বা খুব কাছাকাছি থাকে। উদাহরণ হিসেবে কগঞ্জহিল, চেইন ও স্পরোকট, বেল্ট ও সিলিন্ডার ড্রাম এবং র্যাচটে ড্রাইভ এর কথা উল্লেখ করা যেতে পারে। ধরে নিতে হবে যে, সকল নিপ পয়েন্টগুলো বিপজ্জনক এবং এগুলো যদি মেশিনের সাথে সংযুক্ত না থাকে তাহলে এমনভাবে ঘেরা দিয়ে রাখতে হবে যাতে কেউ এর সল্লিকটে আসতে না পারে। ঘূর্ণায়মান হাতল বা দন্ড তা সে যে কোন ব্যাস বা গতির হোক না কেন, খুবই বিপজ্জনক। দুর্ঘটনার একটি সাধারণ কারণ হচ্ছে হাতলে বা দন্ডে কাপড়গুচ্চা পড় আটকিয়ে বা পৌঁচিয়ে যাওয়া। হাতল বা দন্ড যদি মেশিন ফ্রেমের মধ্যে না থাকে যায় তাহলে এটি বেড়া দিয়ে ঘিরে রাখতে হবে যে ক্ষেত্রে হাতলের ওপর খোলা টিউবের ঢাকনা এবং হাতল স্থীর রাখা হচ্ছে সবচেয়ে শস্তা, যথাযথ ও কার্যকর ব্যবস্থা।

## উত্তোলনকারী সামগ্রী

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৫.১ এ উল্লেখ্য যে,

“দ্রব্যাদি উত্তোলনের ক্ষেত্রে সঠিক কৌশল প্রয়োগে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে, উত্তোলনের জন্য গুদামকৃত দ্রব্যের পরিমাণের সাথে সামঞ্জস্যপূর্ণ যথার্থ ক্ষমতাসম্পন্ন উত্তোলক ব্যবহার করতে হবে, এবং উত্তোলক বা এর বুড়ি প্রভৃতি অতিরিক্তভাবে বোঝাই করা বা উল্টে যাওয়া থেকে সুরক্ষা করতে হবে।”

## নিরাপদ ভার

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৮.৪ এ লিফটিং গিয়ার সম্পর্কে উল্লেখ্য যে,

“ট্যাকল স্টোরে নিরাপদ কর্মভার বহন ক্ষমতার একটি ছক লাগিয়ে রাখতে হবে এবং এটি সহজে দেখা যায় এরূপ স্থানে লাগাতে হবে। কোন চেইন, দড়ি বা কপিকল নিরাপদ কর্মভার বহন ক্ষমতার অতিরিক্ত ওজন বহন করার জন্য ব্যবহার করা যাবে না।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৭.৩ এ ম্যাঁচা ও ফর্মওয়ার্ক সম্পর্কে উল্লেখ্য যে,

“ম্যাঁচা, ফর্মওয়ার্ক এবং এগুলোতে ব্যবহৃত অন্যান্য সহায়ক উপাদানসমূহ কোনরকম ব্যত্যয় ছাড়া সম্ভাব্য সর্বোচ্চ ওজনের কমপক্ষে দ্বিগুণ ওজন বহন করার মত ক্ষমতাসম্পন্ন হতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৮.৫ এ ক্রেন সম্পর্কে বলা হয়েছে:

“ক্রেনের নিরাপদ বহন ক্ষমতা ক্রেনের গায়ে এরূপভাবে থাকবে যা পরিষ্কারভাবে দেখা যায়; কোন ক্রেনই এ বহন ক্ষমতার অধিক বোঝা বহন করতে পারবে না।”

## পরিদর্শন

বিএনবিসি অনুচ্ছেদ ৩.৮.৭ এ উল্লেখ্য যে,

“ম্যাঁচার সংযোগগুলো ও উপাদানগুলোর সক্ষমতা, শক্তিমত্তা, আবহাওয়ার ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা ইত্যাদি ম্যাঁচা উত্তোলনের আগে ও পরে নিয়মিত পরিদর্শন করতে হবে। তরল পদার্থ বা উপাদানসমূহ উপচে পড়ছে কিনা, আলগা উপাদানসমূহ গ্যাংওয়েতে পড়ে আছে কিনা এবং প্লাটফর্মে প্রবেশের পথ যথাযথভাবে আছে কিনা তাও পরিদর্শন করতে হবে।”

## ভেন্টিলেশন

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১০.১ এ উল্লেখ্য যে,

“সকল নির্মাণ সাইটে পর্যাপ্ত সাধারণ ও স্থানীয় ভেন্টিলেশন ... ব্যবস্থা থাকতে হবে যদি না এর অন্যকিছু প্রয়োজন হয়।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১১.৫.১ এ উল্লেখ্য যে,

“যেখানে রংয়ের কাজ হয় তার সবখানে পর্যাপ্ত বায়ুচলাচল ব্যবস্থা রাখতে হবে যাতে দাহ্য বাষ্প জমে ঝুঁকিপূর্ণ পর্যায়ে পৌঁছতে না পারে।”

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১০.২.২ এ উল্লেখ্য যে,

“যেক্ষেত্রে প্লাস্টিক বা অন্য কোন অতিমাত্রার দাহ্য পেইন্ট স্প্রে করা হয় সেক্ষেত্রে দাহ্য-প্রতিরোধক এক্সজস্ট ভেন্টিলেশন প্রদান করতে হবে। যেখানে অতিমাত্রার দাহ্য তরল পদার্থ ব্যবহৃত হয় সেখানে ধূমপান কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে।”



## মেডিকেল পরীক্ষা

বিএনবিসি অনুচ্ছেদ ৩.১০.১ এ উল্লেখ্য যে,

“যেসব লোকের এ্যাজমা, ক্রনিক ব্রংকাইটিস, ফুসফুসে সমস্যা বা ফুসফুসে প্রদাহ রয়েছে তাদেরকে পেইন্ট, বার্নিস, প্লাস্টিক ফোম, রাবার, আঠালো পদার্থ ইত্যাদি যেসব কাজে ব্যবহৃত হয় সেসব কাজে নিয়োগ করা যাবে না। যাদের ফুসফুসে ক্ষত আছে, ধুলার ফলে নাক ও গলায় সমস্যা হয়, একজিমা/চর্মরোগ, ত্বকের প্রদাহ আছে তাদেরকেও এসব কাজ করা থেকে বিরত রাখতে হবে।”

## জন নিরাপত্তা

বিএনবিসি অনুচ্ছেদ ১.৪.৫ এ উল্লেখ্য যে,

“কোন নির্মাণ, ভেঙ্গে ফেলা বা খনন কাজ সংলগ্ন পায়ে চলার পথে রাতের বেলা পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে। রাস্তার বা ফুটপাথের বাহিরের দিকে একটি লাল রং এর বাতির ব্যবস্থা করতে হবে যা দিন ও রাত সব সময়ই দৃশ্যমান থাকবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ১.৪.৬ এ উল্লেখ্য যে,

“সাময়িক বিপদসংকুল কার্যক্রম পরিচালনার সময় সাধারণ জনগণকে সতর্ক করার জন্য একজন প্রহরী নিয়োগ করতে হবে। প্রচন্ড ঝুঁকির ক্ষেত্রে শ্রবণীয় সংকেত ব্যবহার করতে হবে।”

বিএনবিসি অনুচ্ছেদ ১.৫.৩ এ উল্লেখ্য যে,

“নিম্নোল্লিখিত শর্ত সাপেক্ষে শুধু সাময়িকভাবে নির্মাণাধীন প্রকল্প চলাকালীন সময়ে রাস্তা বা ফুটপাথ ব্যবহার করা যেতে পারে:

(ক) এর যেকোন প্রকার ব্যবহারের জন্য যথাযথ কতৃপক্ষের নিকট থেকে অনুমতি নিতে হবে।”

## সংযুক্তি ১ : অ্যাজবেসটস নিয়ে কাজ

অ্যাজবেসটস একটা ঘাতক ধূলা এবং এ থেকে শ্রমিকদের রক্ষা করার জন্য কঠোর ব্যবস্থা নিতে হবে।

অ্যাজবেসটস সম্পর্কে অধিক তথ্যের জন্য পৃষ্ঠা  
৬৬ ও ৬৮ দেখুন।

### অ্যাজবেসটস নিয়ে কাজ

বিএনবিসি'৯৩ অনুচ্ছেদ ২.২.১৯ এ অ্যাজবেসটস নিয়ে কাজের শর্তাবলী বিধৃত হয়েছে:

**অ্যাজবেসটস সম্বলিত সমগ্রী ব্যবস্থাপনা ও নাড়াচাড়া :** যখন কোন বদ্ধ জায়গায় অ্যাজবেসটস জাতীয় সামগ্রী কাটা, ফাড়া বা মেশিনে প্রক্রিয়া করা হয় তখন তা থেকে সৃষ্ট ধূলা বা কণা অপসারণ করার জন্য পর্যাপ্ত যন্ত্রাদি স্থাপন করতে হবে। বিকল্প ব্যবস্থা হিসেবে পানি ব্যবহারে ধূলা নিয়ন্ত্রণ করতে পারে এরূপ যন্ত্রপাতির সাহায্যে মেশিনের ভিজা পদ্ধতি ব্যবহার করতে হবে।

যেখানে অ্যাজবেসটস কাটা হয় সেখানে হাউজকিপিং ও পরিষ্কার-পরিচ্ছন্নতার সর্বোত্তম পদ্ধতি প্রয়োগ করতে হবে এবং এ কাটাকাটির এলাকা সম্পূর্ণ পৃথক হতে হবে ও অন্য কোন উদ্দেশ্যে এটা ব্যবহার করা যাবে না। কর্ম এলাকায় বর্জ্য পদার্থ ও ধূলা জমানো বা মজুত করা যাবে না।

মেঝে, দেয়াল ও স্থাবর দ্রব্যাদিতে যাতে ধূলা জমে না যায় তার জন্য একটি উচ্চ কার্যক্ষমতার ফিল্টার সম্বলিত ধূলা-বালি পরিষ্কারক যন্ত্র ব্যবহার করতে হবে। বিকল্প ব্যবস্থা হিসেবে, সমস্ত জিনিসের বাইরের অংশ ভেজা ন্যাকড়া বা কাপড় দিয়ে পরিষ্কার করতে হবে এবং মেঝে আলতো করে পানি দিয়ে ধুয়ে ফেলতে হবে। কখনোই শুকনো অবস্থায় ঝাড়ু দেয়া বা বাতাস দিয়ে উড়িয়ে দেয়া পদ্ধতিতে পরিষ্কার করা যাবে না।

অ্যাজবেসটস সম্বলিত বোর্ড সরবরাহ করার ক্ষেত্রে যথাযথ ধূলা নিয়ন্ত্রণকারী প্রযুক্তি ব্যবহারপূর্বক কারখানা হতে পূর্বেই ছিদ্রকৃত ও কঠনকৃত বোর্ড ব্যবহার করা বাঞ্ছনীয়। সাইটে প্রস্তুতিমূলক কাজ খোলা আকাশের নীচে সম্পন্ন করতে হবে।

সংরক্ষিত নির্মাণ ক্ষেত্রের যেখানে অ্যাজবেসটস নিয়ে কাজ করা হবে সেখানে পলিথিনের পর্দা ব্যবহার করতে হবে। শুধু অনুমোদিত শ্রমিকরাই ঐ স্থানে প্রবেশ করতে পারবে। অ্যাজবেসটস কর্ম-এলাকায় যথাযথ সংকেত ও স্বাস-প্রশ্বাসের সাথে অ্যাজবেসটস ঢুকে যেতে পারে এরূপ সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রদান করতে হবে।

অ্যাজবেসটস শীট কাটার জন্য গিলাটিন (ধারালো অস্ত্রবিশেষ) বা অত্যাধিক ধারালো ছুরি ব্যবহার করতে হবে। হাতুরী ও বাটালি ব্যবহার করা যাবে না।

প্রত্যেক পালাবদলের কাজ শেষ হলে ময়লা আবর্জনাগুলো হয় ভ্যাকুয়াম ক্লিনার দ্বারা সংগ্রহ করতে হবে বা ভেজানোর পর সরিয়ে ফেলতে হবে। এরপর ময়লাগুলো শক্ত করে আটকানো পাত্রে ফেলতে হবে। যেকোন পরিত্যাক্ত সামগ্রীও সুরক্ষিত থলেতে রাখতে হবে।

**অ্যাজবেসটস সম্বলিত দ্রব্যাদি অপসারণ ও ব্যবস্থাপনা :** অ্যাজবেসটস জাতীয় দ্রব্যাদি যা অন্য কোন দ্রব্যাদি দ্বারা আবৃত বা আবরণকৃত নয় তা অপসারণে স্প্রে-পদ্ধতির প্রয়োগ করতে হবে। মোটা অ্যাজবেসটস জাতীয় দ্রব্যাদি অপসারণে ভেজানো পদ্ধতি সম্পূর্ণরূপে ভিজিয়ে প্রয়োগ করতে হবে। যেখানে স্প্রে বা ভেজানো পদ্ধতি প্রয়োগ করা সম্ভব নয় শুধু সেখানেই শুষ্ক পদ্ধতি ব্যবহার করতে হবে।



স্থানান্তরযোগ্য সকল আসবাবপত্র ও ফিটিংস কর্ম-এলাকা থেকে দূরে সরিয়ে রাখতে হবে এবং অন্যান্য অস্থানান্তরযোগ্য উপকরণ প্লাস্টিক দিয়ে ঢেকে দিতে হবে। অ্যাজবেসটস অপসারণকৃত এলাকা থেকে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র আলাদা করে রাখতে হবে অথবা বন্ধ করে রাখতে হবে।

অ্যাজবেসটস অপসারণ বা মুছে ফেলার পূর্বে পানি বা বাষ্প দিয়ে সম্পূর্ণভাবে অন্তরণ আবরণ (insulation coatings) ভিজিয়ে ফেলতে হবে। অ্যাজবেসটস ধ্বংস করার ক্ষেত্রে সহজে বহনযোগ্য 'এগজস্ট এক্সট্রাকশন প্লান্ট' ব্যবহার করতে হবে।

পরিবহন ও গুদামজাত কন্টেইনারসমূহে অভ্যন্তর উপকরণ উল্লেখপূর্বক লেবেল ব্যবহার করতে হবে। বর্জ্য পদার্থসমূহ মজবুতভাবে আটকানো কন্টেইনারে বা মুখবন্ধ অভেদ্য থলেতে রাখতে হবে। এগুলো কোনভাবেই অতিপূর্ণ করা যাবে না; ফেলে দেয়ার আগে এগুলো থেকে যাতে কোনকিছু উপচে পড়ে না যায় বা নষ্ট হয়ে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে।

ধূলা অপসারণ পদ্ধতিতে ব্যবহৃত ফিল্টার ব্যাগ যেন অভেদ্য ও সাথে সাথে মুখ বন্ধ করা যায় এমন ধরনের হয় এবং আরও কোন শোধন করা ছাড়াই যেন এগুলো ফেলে দেয়া যায়।



## গবেষণার সারসংক্ষেপ

এ প্রতিবেদনে বাংলাদেশের নির্মাণ খাতের স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ের ওপর গুরুত্ব প্রদান করা হয়েছে। বাংলাদেশ লেবার ফোর্স সার্ভে ২০০৫ অনুযায়ী এ খাতে ১.৫ মিলিয়ন শ্রমিক কাজ করে যার শতকরা ৭ ভাগ নারী শ্রমিক। ২০০৬ সালে পাশ হওয়া বাংলাদেশ শ্রম আইন অনুযায়ী কোন শ্রমিক আহত বা নিহত হলে কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরে তার প্রতিবেদন জমা দেয়ার বিধান মালিকের ওপর প্রদান করা সত্ত্বেও নির্মাণ খাতে কর্মদুর্ঘটনায় আহত ও নিহতদের কোন সঠিক তথ্য পাওয়া যায় না- কেননা মালিকরা একরূপ কোন প্রতিবেদন প্রদান করে না। সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী ২০০৮ সালে নির্মাণ খাতে ১২০ শ্রমিক নিহত হওয়ার বিষয় নিশ্চিত হওয়া গেছে যার অধিকাংশই উপর থেকে পড়ে যাওয়া ও বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নিহত হয়েছিল। বাস্তব সত্য হচ্ছে নিহতের এ সংখ্যা আরো অনেক বেশি, কেননা অনেক দুর্ঘটনার প্রতিবেদন পত্রিকায় প্রকাশিত হয় না। এতদসত্ত্বেও, কর্মক্ষেত্রে দুর্ঘটনায় নিহতের সংখ্যা নির্মাণ খাতেই সবচেয়ে বেশি।

বাংলাদেশে প্রচলিত দুটি আইন আছে যেখানে নির্মাণ খাতের স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত বিধানাবলি উল্লেখ করা হয়েছে। এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড, ২০০৬ (বিএনবিসি) যেখানে নির্মাণ খাতের অত্যধিক ঝুঁকি ব্যবস্থাপনায় ‘মালিক’ ও ‘ডেভেলপার’ এর দায়িত্ব সম্পর্কে বিস্তারিত উল্লেখ আছে। কিন্তু পরিতাপের বিষয় হচ্ছে এ কোড বাস্তবায়নে কোন এজেন্সি এখন পর্যন্ত গঠন করা হয়নি। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও নির্মাণ খাতের ক্ষেত্রে প্রযোজ্য। কিন্তু এ আইনে যেসব দায়-দায়িত্বের কথা বলা হয়েছে তা নির্মাণ খাতের ক্ষেত্রে সরাসরি প্রয়োগ করার জন্য কিছু সীমাবদ্ধতা রয়েছে। তাছাড়া, এসব দায়-দায়িত্ব পালনের মূল বাধ্যবাধকতা প্রধান ঠিকাদারের ওপর আরোপ না করে করা হয়েছে মালিকের ওপর। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ বাস্তবায়নের দায়িত্ব কল-কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর পালন করে থাকলেও তাদের লোকবলের অভাব বা অপ্রতুল অবকাঠামোর কারণে নির্মাণ খাতের যথাযথ পরিদর্শন তাদের পক্ষে সম্ভব হয় না। তাছাড়া, এ দুটি আইন সম্পর্কে কোন শিক্ষা, প্রশিক্ষণ, নির্দেশনা বা তত্ত্বাবধান করা হয় না বললেই চলে এবং স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত আইএলও সনদ ও সুপারিশ সমূহও অনুসরণ করা হয় না- যদিও বাংলাদেশ উক্ত সনদসমূহ স্বাক্ষর করে নাই।

নির্মাণ কাজের জন্য সরকার কর্তৃক আহত দরপত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত কোন শর্ত উল্লেখ করা হয় না এবং চূড়ান্ত চুক্তিপত্রেও স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কে বিস্তারিত কোন ব্যাখ্যা থাকে না। বর্তমানে এসব দলিলাদি পূরণায় পর্যালোচনা করা হচ্ছে এবং আশা করা হচ্ছে চূড়ান্তভাবে যাদেরকে নির্বাচন করা হবে তাদের প্রতি শর্ত আরোপ করা হবে যে নির্মাণ ক্ষেত্রে অবশ্যই একজন ‘দুর্ঘটনা প্রতিরক্ষা কর্মকর্তা’ নিয়োগ দিবেন।

অধিকাংশ নির্মাণ ক্ষেত্রে শ্রমিক নিয়োগ করেন একজন ‘লেবার কন্ট্রোল্টর বা শ্রম ঠিকাদার’, যিনি কোন ডেভেলপার, বড় ঠিকাদার, বা কোন বাড়ির মালিকের কাছ থেকে এসব কাজ পেয়ে থাকেন। ডেভেলপার ও প্রধান ঠিকাদার যাদের যথেষ্ট সম্পদ ও দক্ষতা রয়েছে তাদের তুলনায় এসব লেবার কন্ট্রোল্টরদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সম্পদ ও দক্ষতা অনেক কম থাকে বা থাকে না বললেই চলে। এতদসত্ত্বেও, এ প্রতিবেদনের জন্য যেসব নির্মাণ খাতের ওপর জরিপ পরিচালনা করা হয়েছিল তা থেকে দেখা যায় যে স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত অত্যন্ত মৌলিক বিধানাবলীও মানার ক্ষেত্রে ডেভেলপারদের তেমন কোন আগ্রহ নেই। যেসব শ্রমিক ভূমি থেকে উপরে কাজ করে তাদের নিরাপত্তার জন্য হারনেস বা নিরাপত্তা বেল্ট প্রদান করা হয় নাই, অধিকাংশ নির্মাণ ক্ষেত্রের মাঁচায়/ভারায় কাজ করার উপযুক্ত বা সঠিক প্রাটফর্ম ছিল না এবং শ্রমিকদের পড়ে যাওয়া ঠেকানোর জন্য ফ্লোরের/মেঝের কিনারে কোন বেড়া ছিল না। জরিপকৃত নির্মাণ ক্ষেত্রে ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি ব্যবহার করা হয় নাই বললেই চলে। এছাড়া, ডেভেলপার ও লেবার কন্ট্রোল্টরের মধ্যে যে চুক্তি হয় তা থেকে দেখা যায় যে অধিকাংশ ডেভেলপার স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত আইনী দায়-দায়িত্ব লেবার কন্ট্রোল্টরের ওপর চাপিয়ে দিতে চেষ্টা করে।



ঢাকাকে কয়েকটি ভাগে ভাগ করে তার ওপর পরিচালিত জরিপে যেসব বিষয় পরিলক্ষিত হয় তা হচ্ছে: অধিকাংশ শ্রমিকেরই নিরাপত্তা বিষয়ে কোন প্রশিক্ষণ নেই, বেশিরভাগ শ্রমিকই মনে করেন যে তাদের কাজ হয় ‘খুবই অনিরাপদ’ অথবা ‘অনিরাপদ’ এবং এ কাজ তাদের স্বাস্থ্যের জন্য ‘খুবই খারাপ’ অথবা ‘খারাপ’। কোন শ্রমিকই বলে নাই যে তার কাজ ‘নিরাপদ’ এবং স্বাস্থ্যের জন্য ‘ক্ষতিকর নয়’। জরিপে অংশগ্রহণকারীদের প্রায় অর্ধেকই বলেছেন যে বিগত ৫ বছরের মধ্যে তারা মারাত্মক আহত হয়েছিল যার ফলে তাদেরকে হাসপাতালে ভর্তি হতে হয়েছিল, যদিও ৭৬% উল্লেখ করেন যে বিগত ১৮ মাসে কোন দুর্ঘটনা ঘটে নাই। সবচেয়ে বেশি সুপারিশ এসেছে যেসব বিষয়ে তা হচ্ছে: নিরাপত্তা সরঞ্জামাদি সরবরাহ, খাবার পানির উপযুক্ত ব্যবস্থা, পরিষ্কার পরিচ্ছন্ন ও ব্যবহারযোগ্য পায়খানার সংখ্যা বৃদ্ধি, এবং অস্থায়ী আবাসন ব্যবস্থা আরো উন্নত ও নিরাপদ হতে হবে।

ডেভেলপার কোম্পানীর প্রতিনিধিত্বকারী সংগঠন রিহ্যাব এবং তাদের কয়েকটি ডেভেলপার কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকদের সাথে আলোচনা থেকে উপলব্ধি করা যায় যে আইনগত বাধ্যবাধকতা সম্পর্কে তাদের ধারণা অনেক দুর্বল। অবশ্য রিহ্যাব এটা স্বীকার করেছে যে তাদের আরো অনেক কিছু করতে হবে এবং ভবিষ্যতে তারা এ বিষয়ে আরো অনেক কার্যক্রম গ্রহণ করবে। তারা এও জ্ঞাপন করেন যে বিএনবিসি’র ওপর ভিত্তি করে কোন নির্দেশনা (গাইডেন্স) প্রকাশ করলে এবং এর সাথে প্রশিক্ষণের ব্যবস্থা করলে খুবই ভাল হবে।

এ গবেষণায় বিভিন্ন লেবার কন্ট্রাক্টরের সাথে আলাদা আলাদাভাবে কথা বলা হয়েছে এবং তারা স্বীকার করেছেন যে নির্মাণ ক্ষেত্রে নিরাপত্তা অবস্থা খুবই নাজুক। প্রায় সকল দোষই তারা চাপিয়েছেন ডেভেলপারদের ওপর- কেননা নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় উপাদান বা সম্পদ তাদের নেই। যদিও তারা এটা স্বীকার করেছেন যে কন্ট্রাক্টর হিসেবে তাদের দায়-দায়িত্ব সম্পর্কেও প্রশিক্ষণ দরকার।

এ গবেষণা প্রতিবেদনে অনেকগুলো সুপারিশ করা হয়েছে যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে: আইনে পরিবর্তন আনা দরকার; নির্মাণ খাতের স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত বিধানাবলী বাস্তবায়নে আলাদা দপ্তর প্রতিষ্ঠা করা দরকার; আইনের ওপর ভিত্তি করে নির্দেশনা (গাইডেন্স) প্রস্তুত করা এবং এ বিষয়ে ডেভেলপার ও কন্ট্রাক্টরদের প্রশিক্ষণ দেয়া ও ভাল কাজের উদাহরণ তুলে ধরা; নিরাপদ কার্যাভ্যাস সম্পর্কে শ্রমিকদেরকে তথ্য প্রদান ব্যবস্থা আরো উন্নত করা; ডেভেলপার ও প্রধান ঠিকাদারদের সংগঠনের কাছ থেকে এমন প্রতিশ্রুতি আদায় করা যে নির্মাণ খাতের স্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নে তারা তাদের সদস্য কোম্পানী/প্রতিষ্ঠানকে উদ্বুদ্ধ করবে; সরকারের প্রকিউরমেন্ট দপ্তরের দরপত্রে ও চুক্তিপত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয় সংযুক্ত করার লক্ষ্যে আরো পরিবর্তন করা।



**Promoting Safety, Enforcing Rights**

6/8 Humayun Road, Block B,  
D-net Building, Mohamadpur  
Dhaka 1207

Tel: 01193 200207

9131424 x 146, 147

[www.safetyandrights.org](http://www.safetyandrights.org)

[info@safetyandrights.org](mailto:info@safetyandrights.org)